

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ২৯, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ : ১৪ পৌষ ১৪২২ বঙ্গাব্দ/ ২৮ ডিসেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩৮০-আইন/২০১৫।—বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নং আইন) এর ধারা ৩৫, ধারা ১৭, ১৮ ও ১৯ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ—

প্রথম অধ্যায়  
সাধারণ বিধানাবলী

১। শিরোনাম।—এই বিধিমালা বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ বিধিমালা, ২০১৫ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়-

- (১) 'অন-সাইট অবকাঠামো' অর্থ পার্কের অভ্যন্তরে অবস্থিত অবকাঠামো ও অন্যান্য ইউটিলিটি বা সেবা এবং কর্মীদের বাসস্থানও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (২) 'অনুমোদিত পার্ক কার্যক্রম' অর্থ প্রযোজ্য অন্য কোন আইন বা নীতিমালার অধীন নিষিদ্ধ, সীমিত বা অব্যাহতি প্রদান না করা সাপেক্ষে কোন হাইটেক শিল্প সংশ্লিষ্ট স্বাস্থ্যসেবা, আবাসন, বিদ্যুৎ সঞ্চালন-বন্টন, গুদামজাতকরণ, লজিস্টিক, পরিবহণ, প্রশিক্ষণ, শিক্ষা, বীমাসহ আনুষঙ্গিক কার্যক্রম;
- (৩) 'অফ-সাইট অবকাঠামো' অর্থ পার্ক বহির্ভূত স্থানে অবস্থিত অবকাঠামো এবং পার্কের সহিত সংযুক্ত পাবলিক ইউটিলিটি, পরিবহণ এবং অবকাঠামো ইহার অন্তর্ভুক্ত হইবে;

(১১২৬৩)

মূল্য : টাকা ৪০.০০

- (৪) 'অবকাঠামো' অর্থ পার্কের উন্নয়ন ও কার্যক্রম পরিচালনার স্বার্থে উৎসাহিত করিবার জন্য প্রয়োজনীয় মৌলিক সুবিধাদি, স্থাপনা ও ইউটিলিটি এবং সংশ্লিষ্ট অন্যান্য সেবাসমূহও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (৫) 'আবেদনকারী' অর্থ বাংলাদেশে পার্ক প্রতিষ্ঠা, উন্নয়ন, পরিচালনা এবং প্রসারের উদ্দেশ্যে পার্ক অনুমতিপত্র প্রাপ্তির জন্য আবেদনকারী কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান;
- (৬) 'উপযুক্ত সংস্থা' অর্থ যে কোন জাতীয় বা স্থানীয় সরকারি সংস্থা, মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর, পরিদপ্তর এবং কোন পার্ক এলাকার পরিচালনা বা কার্যক্রমের উপর যুগপৎ বা আংশিক নিয়ন্ত্রণমূলক এখতিয়ার রহিয়াছে এইরূপ কোন সংস্থা এবং কোন উপযুক্ত জাতীয় নিরাপত্তা, পুলিশ, শ্রম, অভিবাসন, পরিবেশ সংরক্ষণ, ব্যবসা-নিবন্ধন, আরবান প্ল্যানিং, স্বাস্থ্য, নিরাপত্তা, শুল্ক এবং কর কর্তৃপক্ষও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (৭) 'কনসোর্টিয়াম' অর্থ বিধি ৩ এ উল্লিখিত কোন কর্ম সম্পাদনের লক্ষ্যে একাধিক কোম্পানীর সমন্বয়ে আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিকভাবে গঠিত সংঘ;
- (৮) 'ডেভেলপার চুক্তি' অর্থ কর্তৃপক্ষ ও কোন ডেভেলপার, বা ক্ষেত্রমত, পার্ক অনুমতিপত্রধারী এবং কোন ডেভেলপারের মধ্যে সম্পাদিত পার্ক উন্নয়ন সংক্রান্ত চুক্তি;
- (৯) 'প্রতিষ্ঠান' অর্থ প্রযোজ্য আইনের অধীন গঠিত বা নিগমিত কোন দেশী বা বিদেশী বেসরকারি সত্তা, যেমন-কোম্পানি, অংশীদারি কারবার, ফার্ম, যৌথ-উদ্যোগী সত্তা বা অন্য যে কোন সংস্থাও ইহার অন্তর্ভুক্ত হইবে ;
- (১০) 'প্রশাসক' অর্থ নির্বাহী কমিটির সভাপতি বা অন্য কোন সদস্য, নির্বাহী কমিটি কর্তৃক গঠিত কোন কমিটির সদস্য বা কর্তৃপক্ষের ব্যবস্থাপনা পরিচালক বা অন্য কোন নির্বাহী সদস্য, ব্যবস্থাপক বা নির্বাহী কর্মকর্তা;
- (১১) 'পার্কের প্রতিষ্ঠান' অর্থ পার্ক অনুমতিপত্রধারী, ডেভেলপার বা কোন হাই-টেক শিল্প প্রতিষ্ঠানসহ পার্কে অনুমোদিত কার্যক্রম পরিচালনার অনুমতিপত্রধারী যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান;
- (১২) 'পার্কে বিনিয়োগ' অর্থ পার্কের কোন বিনিয়োগকারী কর্তৃক কোন নতুন সম্পদ অর্জন বা সৃজন (যেমন-পার্কের প্রতিষ্ঠান হিসাবে পরিচালনা করিবার জন্য কোন বিদ্যমান প্রতিষ্ঠানের সম্প্রসারণ, কাঠামো পুনর্বিদ্যমান বা পুনর্বাসন), যাহা উক্ত বিনিয়োগকারীর প্রত্যক্ষ বা পরোক্ষ মালিকানা, দখল বা নিয়ন্ত্রণে থাকে এবং যাহাতে নতুন মূলধন বা অন্য কোন সম্পদের প্রতিশ্রুতি, প্রাপ্তি বা লাভের প্রত্যাশা বা ঝুঁকির আশংকাসহ কোন নতুন বিনিয়োগের বৈশিষ্ট্যসমূহ বিদ্যমান থাকে এবং কোন পার্কের পরিচালনা, উন্নয়ন, সংস্কার ও ব্যবস্থাপনার উদ্দেশ্যে বিনিয়োগও ইহার অন্তর্ভুক্ত হইবে;

- (১৩) ‘পার্কের বিনিয়োগকারী’ অর্থ আইনের বিধান সাপেক্ষে, এই বিধিমালার অধীন কোন পার্কে সম্পূর্ণ বা আংশিক বিনিয়োগের উদ্যোগ গ্রহণ করিয়াছেন, বিনিয়োগ করিতেছেন বা বিনিয়োগ করিয়াছেন, এমন বাংলাদেশী বা বিদেশী কিংবা যৌথভাবে বাংলাদেশী ও বিদেশী ব্যক্তি বা প্রতিষ্ঠান, এবং এই বিধিমালার অধীন কোন আবেদনকারী এবং কোন পার্কের পরিচালনা, উন্নয়ন, সংস্কার ও ব্যবস্থাপনার উদ্দেশে নিয়োজিত প্রপার্টি ম্যানেজমেন্ট কোম্পানীও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (১৪) ‘পার্ক অনুমতিপত্র’ অর্থ কর্তৃপক্ষ কর্তৃক মঞ্জুরীকৃত অনুমতিপত্র, যাহা দ্বারা আইন ও এই বিধিমালা অনুযায়ী কোন ব্যক্তিকে কোন পার্ক প্রতিষ্ঠা, উন্নয়ন, পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের অনুমতি প্রদান করা হয়;
- (১৫) ‘পার্ক বসবাসকারী’ অর্থ পার্কে বসবাসের অনুমতিপত্র বা পরিচয়পত্র প্রাপ্ত কোন ব্যক্তি;
- (১৬) ‘ব্যক্তি’ অর্থে যে কোন ব্যক্তি এবং কোন প্রতিষ্ঠান, কোম্পানী অংশীদারি কারবার ফার্ম বা অন্য যে কোন দেশী বা বিদেশী প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (১৭) ‘বিদেশী প্রতিষ্ঠান’ অর্থ এমন কোন প্রতিষ্ঠান, যাহার ডমিসাইল, বাসস্থান, বা ব্যবস্থাপনার স্থান বাংলাদেশের বাহিরে অবস্থিত এবং কোন বিদেশী প্রতিষ্ঠানের বাংলাদেশস্থ শাখাও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (১৮) ‘হাই-টেক শিল্প স্থাপনের অনুমতিপত্র’ অর্থ কর্তৃপক্ষ কর্তৃক মঞ্জুরীকৃত অনুমতিপত্র, যাহার মাধ্যমে আইন ও এই বিধিমালার অধীন কোন প্রতিষ্ঠানকে হাই-টেক শিল্প প্রতিষ্ঠান হিসাবে অনুমোদিত পার্ক কার্যক্রম পরিচালনার অধিকার প্রদান করা হয়।

### দ্বিতীয় অধ্যায়

#### পার্ক প্রতিষ্ঠা, পার্ক অনুমতিপত্র, ইত্যাদি

৩। পার্ক অনুমতিপত্রের আবেদন।—বাংলাদেশে বেসরকারি পর্যায়ে কোন পার্ক প্রতিষ্ঠা, উন্নয়ন, পরিচালনা এবং রক্ষণাবেক্ষণে আগ্রহী কোন আবেদনকারীকে বিধি ৪ এ উল্লিখিত পদ্ধতিতে পার্ক প্রতিষ্ঠার অনুমতিপত্রের জন্য আবেদন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, আবেদনকারী কোন কনসোর্টিয়াম (Consortium) হইলে উক্ত কনসোর্টিয়াম কর্তৃক গঠিত যৌথ মালিকানাধীন কোম্পানী (Joint Venture Company) এর অনুকূলে পার্ক প্রতিষ্ঠার অনুমতিপত্র ইস্যু করিতে হইবে।

৪। পার্ক অনুমতিপত্রের আবেদন পদ্ধতি।—(১) কোন আবেদনকারীকে পার্ক অনুমতিপত্রের জন্য প্রাথমিক অনুমতি পত্র প্রাপ্তির লক্ষ্যে কর্তৃপক্ষ কর্তৃক ধার্যকৃত অফেরতযোগ্য ফিসহ তফসিল ১ এ নির্ধারিত ফরমে কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে।

(২) কর্তৃপক্ষ, উপ-বিধি (১) অনুযায়ী আবেদনপত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, প্রস্তাবিত পার্কের ভৌগোলিক অবস্থান, সুনির্দিষ্ট পরিমাপ, ম্যাপ, সম্পত্তি নিবন্ধনের বিবরণ এবং পরিকল্পিত পার্কের প্রস্তাবিত কার্যক্রম উল্লেখপূর্বক বহুল প্রচারিত কোন বাংলাদেশী দৈনিক সংবাদপত্রে এই মর্মে গণবিজ্ঞপ্তি প্রকাশ করিবে যে, প্রস্তাবিত পার্ক দ্বারা ক্ষতিগ্রস্ত হইতে পারেন এমন যে কোন ব্যক্তি উক্ত গণবিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হইতে ২১(একুশ) দিনের মধ্যে কর্তৃপক্ষের নিকট লিখিত আপত্তি দাখিল করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, উক্ত আপত্তি দাখিলের পরবর্তী ৩০ দিনের মধ্যে উহা নিষ্পত্তি করিতে হইবে।

(৩) কর্তৃপক্ষ, উপ-বিধি (২) এর বিধান সাপেক্ষে, আবেদনপত্রটি যাচাই-বাছাই করিবে এবং আবেদনকারীকে, প্রয়োজনে, অতিরিক্ত তথ্য সরবরাহের জন্য নির্দেশ দিতে পারিবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন যাচাই-বাছাইয়ের পর কর্তৃপক্ষ, ক্ষেত্রমত, আবেদনকারীর অনুকূলে তফসিল ৪ অনুযায়ী প্রাথমিক অনুমতিপত্র ইস্যু করিবে অথবা যথাযথ কারণ উল্লেখপূর্বক আবেদন নামঞ্জুর করিয়া উক্ত সিদ্ধান্তটি লিখিতভাবে আবেদনকারীকে অবহিত করিবে।

(৫) উপ-বিধি (৪) এর অধীন প্রাথমিক অনুমতিপত্রপ্রাপ্ত আবেদনকারীকে উক্তরূপ পত্র ইস্যুর দিন হইতে পরবর্তী ১২ (বার) মাসের মধ্যে চূড়ান্ত অনুমোদনের জন্য তফসিল ২ এ নির্ধারিত ফরমে কর্তৃপক্ষের নিকট আবেদন পত্র দাখিল করিতে হইবে।

৫। পার্ক অনুমতিপত্র ইস্যুকরণ ও নবায়ন।—(১) কর্তৃপক্ষ, আবেদনকারী কর্তৃক তফসিল ২ এ নির্ধারিত ফরমে উল্লিখিত বিষয়াদির প্রতিপালন সাপেক্ষে, নির্বাহী কমিটির অনুমোদনক্রমে, বিধি ৪ এর উপ-বিধি (৫) এ উল্লিখিত আবেদন প্রাপ্তির ৯০ (নব্বই) দিনের মধ্যে আবেদনকারীকে তফসিল-৪ অনুযায়ী পার্ক অনুমতিপত্র ইস্যু করিতে অথবা আবেদন নামঞ্জুর করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ, কোন যুক্তিসঙ্গত প্রশাসনিক কারণে উক্ত সময়সীমা অতিরিক্ত ৯০ (নব্বই) দিন পর্যন্ত বর্ধিত করিতে পারিবে।

(২) কোন পার্ক অনুমতিপত্রের আবেদন নামঞ্জুর করা হইলে উক্ত নামঞ্জুর সংক্রান্ত সিদ্ধান্ত গৃহীত হইবার ১০ (দশ) দিনের মধ্যে আবেদনকারীকে লিখিতভাবে উহা অবহিত করিতে হইবে।

(৩) পার্ক অনুমতিপত্রধারী পার্ক অনুমতিপত্রের মেয়াদ সমাপ্ত হইবার অন্ত্যন ৯০(নব্বই) দিন পূর্বে কর্তৃপক্ষের নিকট তদকর্তৃক নির্ধারিত ফি, শর্ত ও পদ্ধতিতে পার্ক অনুমতিপত্র নবায়নের জন্য আবেদন করিতে পারিবে।

(৪) উপ-বিধি (৩) অনুযায়ী আবেদন করা হইলে কর্তৃপক্ষ উহা যাচাই-বাছাইক্রমে একই বা সংশোধিত শর্ত ও মেয়াদে উহা নবায়ন করিতে পারিবে।

৬। পার্ক অনুমতিপত্র প্রত্যাহার।—(১) কর্তৃপক্ষ, নির্বাহী কমিটির অনুমোদনক্রমে, নিম্নবর্ণিত ক্ষেত্রে পার্কের অনুমতিপত্রধারীকে ৩০ (ত্রিশ) দিনের লিখিত নোটিশ এবং যথাযথ শুনানীর সুযোগ প্রদানপূর্বক, কোন পার্ক অনুমতিপত্র প্রত্যাহার করিতে পারিবে, যদি—

(ক) কোন পার্ক অনুমতিপত্রধারী পার্ক প্রতিষ্ঠা, উন্নয়ন, পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে পার্ক অনুমতি পত্রের শর্ত প্রতিপালন করিতে ব্যর্থ হয়;

- (খ) কর্তৃপক্ষের লিখিত অনুমোদন ব্যতীত পার্ক অনুমতিপত্রের অধীন প্রাপ্ত অনুমতি বা উহার অধীন অর্জিত স্বত্বের সম্পূর্ণ বা কোন অংশ কোন তৃতীয় পক্ষের নিকট বিক্রয়, হস্তান্তর বা স্থানান্তর করা হয়;
- (গ) কোন পার্ক অনুমতিপত্রধারী প্রচলিত আইনের অধীন দেউলিয়া বলিয়া ঘোষিত হয়;
- (ঘ) কর্তৃপক্ষ বা কোন উপযুক্ত সংস্থা কর্তৃক প্রাপ্য সকল ফি, কর বা অন্য কোন বকেয়া পরিশোধ করিতে ব্যর্থ হয়;
- (ঙ) পার্ক অনুমতিপত্রের আবেদনপত্রে প্রদত্ত তথ্য, প্রত্যয়ন বা বর্ণনা অসত্য বা ভুল বলিয়া প্রমাণিত হয়;
- (চ) পার্ক অনুমতিপত্রধারী কোন নিষিদ্ধ, বেআইনী বা অবৈধ কার্যক্রমের সহিত জড়িত হয়।

(২) পার্ক অনুমতিপত্রধারী উপ-বিধি (১) অনুযায়ী, পার্ক অনুমতিপত্র প্রত্যাহারের আদেশ জারীর ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে কর্তৃপক্ষের নিকট আপত্তি দাখিল করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, এইরূপ কোন আপত্তি দাখিল করা না হইলে উক্ত পার্ক অনুমতিপত্র প্রত্যাহারের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(৩) উপ-বিধি (২) অনুযায়ী কোন আপত্তি দাখিল করা হইলে এবং যথাযথ শুনানী গ্রহণপূর্বক আপত্তির শুনানী নিষ্পত্তি করিয়া কর্তৃপক্ষের সিদ্ধান্ত বহাল রাখা হইলে, উক্তরূপ আপত্তি নিষ্পত্তির তারিখ হইতে পার্ক অনুমতিপত্র প্রত্যাহার হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৪) পার্ক অনুমতিপত্র চূড়ান্তভাবে প্রত্যাহার করা হইলে, কর্তৃপক্ষ, প্রয়োজনে, প্রত্যাহারকৃত পার্ক অনুমতিপত্রের মেয়াদকাল পর্যন্ত পার্ক সংক্রান্ত সকল কার্যক্রম, ডেভেলপার চুক্তি এবং পার্ক অনুমতিপত্রে উল্লিখিত শর্তাবলীর সহিত, যতদূর সম্ভব সঙ্গতিপূর্ণ রাখিয়া, অব্যাহত রাখা ও পরিচালনার উদ্যোগ গ্রহণ করিতে পারিবে।

### তৃতীয় অধ্যায়

#### ডেভেলপারের নিয়োগ, যোগ্যতা, অধিকার ও দায়বদ্ধতা, ইত্যাদি

৭। ডেভেলপার নিয়োগ।—(১) কর্তৃপক্ষ, নির্বাহী কমিটির অনুমোদনক্রমে, পার্ক স্থাপনের জন্য শর্তসমূহ নির্ধারণ এবং উক্ত শর্তাবলী অনুসরণপূর্বক ডেভেলপার নিয়োগ করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন শর্ত নির্ধারিত না হওয়া পর্যন্ত, কর্তৃপক্ষ, সরকার কর্তৃক জারীকৃত Policy and Strategy for Public-Private Partnership Policy (PPP), 2010 এর আওতায় প্রণীত Guidelines for Formulation, Appraisal and Approval of different Projects under Public-Private Partnership অনুসরণপূর্বক বা উহার ধারাবাহিকতায় প্রযোজ্য কোন আইনের এক বা একাধিক বিধান অনুসরণপূর্বক সরকারি-বেসরকারি অংশীদারিত্বের অধীন ডেভেলপার নিয়োগ করিতে পারিবে।

(৩) উপ-বিধি (১) বা (২) এর অধীন কোন ব্যক্তি ডেভেলপার হিসাবে নিয়োগ লাভের যোগ্য হইলে কর্তৃপক্ষ তাহার সহিত চুক্তি সম্পাদন করিবে এবং ডেভেলপার হিসাবে পার্কের ভৌত অবকাঠামো নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনার দায়িত্ব প্রদান করিবে।

(৪) উপ-বিধি (৩) এ উল্লিখিত চুক্তির শর্ত অনুযায়ী এবং প্রকল্পের ব্যক্তি, ধরণ, বাণিজ্যিক সম্ভাবনা প্রভৃতির ভিত্তিতে ডেভেলপারের কার্যকালের মেয়াদ নির্ধারিত হইবে।

৮। সাধারণ বিধানাবলী।—(১) পার্কের ভৌত অবকাঠামো নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনার জন্য নিয়োগপ্রাপ্ত ডেভেলপারের পক্ষে এক বা একাধিক ঠিকাদার ঘোষিত কোন পার্কে ডেভেলপারের কার্যাবলী সম্পাদন করিতে পারিবে।

(২) ডেভেলপারের পক্ষে কার্যসম্পাদনকারী ঠিকাদার ডেভেলপারের জন্য প্রযোজ্য বাধ্যবাধকতাসমূহ পালন এবং প্রযোজ্য অধিকারসমূহ ভোগ করিবে।

৯। ডেভেলপারের যোগ্যতা।—(১) কোন ব্যক্তি ডেভেলপার হিসাবে নিয়োগ লাভের জন্য যোগ্য হইবেন না যদি না তাহার নিম্নবর্ণিত যোগ্যতা থাকে, যথা:-

(ক) হাই-টেক পার্ক অথবা সফটওয়্যার টেকনোলজি পার্ক অথবা শিল্প পার্ক বা বিশেষ অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা বা পরিচালনায় অনূন ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা;

(খ) অনূন একটি হাই-টেক পার্ক অথবা সফটওয়্যার টেকনোলজি পার্ক অথবা শিল্প পার্ক বা বিশেষ অর্থনৈতিক অঞ্চল স্থাপনের ডিজাইন করিবার অভিজ্ঞতা।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, প্রকল্পের ব্যক্তি, প্রকৃতি, অবস্থান, বাণিজ্যিক সম্ভাবনা, আর্থিক সংশ্লেষ ইত্যাদি বিষয় বিবেচনায় কর্তৃপক্ষ, নির্বাহী কমিটির অনুমোদনক্রমে, ডেভেলপার নিয়োগের অতিরিক্ত যোগ্যতা নির্ধারণ করিতে পারিবে।

১০। ডেভেলপারের অধিকার ও সুবিধাদি।—প্রযোজ্য আইন, বিধিমালা ও ডেভেলপার চুক্তির শর্ত সাপেক্ষে, ডেভেলপার এবং তাহাদের অধীনস্থ ঠিকাদারগণ, নিম্নবর্ণিত অধিকার ও সুবিধাদি প্রাপ্য হইবে, যথাঃ—

(ক) চুক্তি, পাওয়ার অব অ্যাটর্নী বা ইজারার ভিত্তিতে, পার্কের ভূমি বা উক্ত ভূমিতে অবস্থিত অন্যান্য সম্পদের আইনী অধিকার অর্জন এবং রক্ষণাবেক্ষণ;

(খ) ইজারা বন্দোবস্তো বা ভাড়া চুক্তির মাধ্যমে (sub-lease arrangements) পার্কের ভূমি বা উক্ত ভূমিতে অবস্থিত অন্যান্য সম্পদ চুক্তি, পাওয়ার অব অ্যাটর্নী বা ইজারার ভিত্তিতে হস্তান্তর করা এবং উক্ত হস্তান্তরের জন্য প্রদেয় অর্থ গ্রহণ এবং ভাড়ার অর্থ সংগ্রহ;

(গ) পার্কের ভূমি বা উক্ত ভূমিতে অবস্থিত অন্যান্য সম্পত্তির উন্নয়ন, ব্যবহার এবং পরিচর্যা;

(ঘ) পার্কের অভ্যন্তরে বা বাহিরে সকল ধরণের ইউটিলিটি এবং অন্যান্য মৌলিক সেবা প্রদান এবং উক্তরূপ সেবা প্রদানের জন্য ফি আরোপ;

(ঙ) পার্ক এবং উহার ভূমি, অন-সাইট অবকাঠামো ও অন্যান্য সম্পত্তির উন্নয়ন, ব্যবহার এবং পরিচর্যার জন্য তৃতীয় পক্ষের সহিত, কর্তৃপক্ষের অনুমোদনক্রমে, চুক্তি সম্পাদন;

(চ) দেশী এবং বিদেশী নাগরিককে কর্মে নিয়োগ;

- (ছ) কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রণোদনা;
- (জ) নিম্নবর্ণিত পদ্ধতি সাপেক্ষে, অনুমোদিত পার্কের মাস্টার প্ল্যান পরিবর্তন বা সংশোধন করিতে পারিবে, যথা:-
- (অ) ডেভেলপার কোন অনুমোদিত পার্কের মাস্টার প্ল্যান পরিবর্তন বা সংশোধন করিতে চাহিলে, তাহাকে উক্তরূপ পরিবর্তন বা সংশোধনের বিস্তারিত বর্ণনা, কারণ এবং উক্তরূপ পরিবর্তন বা সংশোধনের ফলে কারিগরি, পরিচালনা ও আর্থিকভাবে কি প্রভাব পড়িবে তাহার বিস্তারিত বিবরণ (analysis) উল্লেখপূর্বক কর্তৃপক্ষের নিকট আবেদন দাখিল করিতে হইবে:
- তবে শর্ত থাকে যে, এই বিধি অনুযায়ী উক্তরূপ পরিবর্তন বা সংশোধনী প্রক্রিয়াকরণের যে কোন পর্যায়ে ডেভেলপার কর্তৃপক্ষকে নোটিশ প্রদান করত অনুমোদিত পার্কের মাস্টার প্ল্যান পরিবর্তন বা সংশোধনের প্রস্তাব প্রত্যাহার করিতে পারিবে;
- (আ) অনুমোদিত পার্কের মাস্টার প্ল্যান পরিবর্তন বা সংশোধনের প্রস্তাব প্রাপ্তির ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে কর্তৃপক্ষ, ডেভেলপারকে এই মর্মে লিখিত নোটিশ প্রদান করিবে যে,—
- (১) মাস্টার প্ল্যান পরিবর্তন বা সংশোধনের প্রস্তাব অনুমোদন করা হইয়াছে; বা
- (২) মাস্টার প্ল্যানের এক বা একাধিক প্রস্তাবিত সংশোধনী বা পরিবর্তন প্রত্যাহ্যান করা হইয়াছে; বা
- (৩) মাস্টার প্ল্যান পরিবর্তন বা সংশোধনের প্রস্তাব প্রত্যাহ্যান করা হইয়াছে;
- (ই) কর্তৃপক্ষ কর্তৃক সংশোধন সাপেক্ষে মাস্টার প্ল্যান পরিবর্তন বা সংশোধনের প্রস্তাব অনুমোদন অথবা মাস্টার প্ল্যানের এক বা একাধিক প্রস্তাবিত সংশোধনী বা পরিবর্তন প্রত্যাহ্যানের ক্ষেত্রে কর্তৃপক্ষকে উক্ত সংশোধন বা প্রত্যাহ্যানের বিস্তারিত কারণ উল্লেখপূর্বক উক্ত প্রস্তাবিত সংশোধনী বা পরিবর্তনের অনুমোদন সহজীকরণের উদ্দেশ্যে সুপারিশ করিতে পারিবে;
- (ঈ) কর্তৃপক্ষ উপ-দফা (আ) এ উল্লিখিত সময়ের মধ্যে কোন নোটিশ প্রদান করিতে ব্যর্থ হইলে, কর্তৃপক্ষ কর্তৃক মাস্টার প্ল্যানের প্রস্তাবিত সংশোধনী বা পরিবর্তন কোন সংশোধন ব্যতীত অনুমোদিত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং উক্ত সংশোধনী বা পরিবর্তন অনুমোদিত মাস্টার প্ল্যানের অংশ হিসাবে বিবেচিত হইবে;
- (ঐ) উপরি-উল্লিখিত অধিকার ও সুবিধা ছাড়াও, কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত আনুষঙ্গিক অন্য কোন অধিকার ও সুবিধা।

১১। ডেভেলপারের দায়িত্ব।—আইন, এই বিধিমালা, প্রযোজ্য পার্ক প্রতিষ্ঠার অনুমতিপত্র, ডেভেলপার চুক্তিসহ প্রযোজ্য সকল আইন অনুসরণক্রমে ডেভেলপার এবং তাহাদের অধীনস্থ ঠিকাদারগণ নিম্নবর্ণিত দায়িত্ব পালন করিবে, যথা:—

- (ক) ভূমি ব্যবহার চিহ্নিতকরণ, সামাজিক ও অর্থনৈতিক অঙ্গিকারসমূহ বাস্তবায়ন, দারিদ্র হ্রাসকরণের জন্য গৃহীত পদক্ষেপসমূহ এবং ল্যান্ড জোনিং প্ল্যানসহ ঘোষিত পার্কের বিস্তারিত মাস্টার প্ল্যান এককভাবে বা অন্য কোন ব্যক্তির সহযোগিতায় প্রস্তুতকরণ এবং কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ ;
- (খ) অন-সাইট অবকাঠামো, পরিবহণ সংযোগসমূহ এবং কর্মজীবীদের আবাসন সুবিধাসহ পার্কের ভূমির উপর স্থাপনা নির্মাণ;
- (গ) বাংলাদেশের দীর্ঘ-মেয়াদী টেকসই অর্থনৈতিক উন্নয়ন লক্ষ্যের সহিত সামঞ্জস্য রাখিয়া পার্কের উন্নয়ন;
- (ঘ) নিম্নবর্ণিত তথ্যাদিসহ ঘোষিত পার্ক সম্পর্কিত একটি বাৎসরিক প্রতিবেদন কর্তৃপক্ষের নিকট দাখিল করা, যথা:—
  - (অ) বিগত পঞ্জিকা বৎসরে পার্কে গৃহীত বিনিয়োগ এবং আগামী পঞ্জিকা বৎসরে সম্ভাব্য বিনিয়োগ সম্পর্কিত তথ্য;
  - (আ) উন্নয়নায়িত পার্কের ভূমি এলাকা এবং উহার উপর নির্মিত স্থাপনা সম্পর্কিত তথ্য;
  - (ই) কর্তৃপক্ষ কর্তৃক চাহিত সংশ্লিষ্ট অন্যান্য তথ্যাদি;
- (ঙ) পার্কের পর্যায়ক্রমিক উন্নয়নের সময়সূচি (Work Schedule) অনুযায়ী কার্য সম্পাদন এবং কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত আর্থিক উন্নয়ন, যেমন-মূলধন এবং ঋণ অর্থায়নের পরিমাণ ও সময়সূচি সংক্রান্ত বাধ্যবাধকতা প্রতিপালন;
- (চ) নিয়োগকৃত বাংলাদেশী কর্মীদেরকে কারিগরী প্রশিক্ষণ প্রদান;
- (ছ) পরিবেশ, অগ্নি প্রতিরোধ ও নির্বাপন এবং শ্রম সংক্রান্ত বাধ্যবাধকতা প্রতিপালন;
- (জ) কোন সরকারি সংস্থা কর্তৃক প্রাপ্য সকল ফি, কর বা অন্য কোন বকেয়া পরিশোধ;
- (ঝ) আন্তর্জাতিক আর্থিক প্রতিবেদন মান অনুযায়ী সংরক্ষণ সাপেক্ষে, কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত অডিট ফার্মের মাধ্যমে ডেভেলপারের সকল নথি, বহি, রেকর্ড, হিসাব এবং আর্থিক বিবরণী নিরীক্ষা।

#### চতুর্থ অধ্যায়

হাই-টেক শিল্প স্থাপনের আবেদন, প্রতিষ্ঠানের অধিকার ও দায়বদ্ধতা, ইত্যাদি

১২। হাই-টেক শিল্প প্রতিষ্ঠানের শর্ত।—(১) পার্কে হাই-টেক শিল্প স্থাপনের জন্য নিম্নবর্ণিত শর্তসমূহ পূরণ করিতে হইবে, যথা:-

- (ক) হাই-টেক শিল্প স্থাপনের অনুমতিপত্র গ্রহণ করিতে হইবে; এবং



(খ) হাই-টেক শিল্প স্থাপনের অনুমতিপত্র কার্যকর হইবার তারিখ হইতে ৯০ (নব্বই) দিনের মধ্যে পার্কের ভূমি বা স্পেস বা উক্ত ভূমি বা স্পেসে অবস্থিত অন্যান্য সম্পদ মালিকানা বা ইজারার ভিত্তিতে অর্জন এবং নিয়ন্ত্রণ করিতে হইবে।

১৩। হাই-টেক শিল্প স্থাপনের অনুমতির আবেদন।—(১) কোন হাই-টেক শিল্প স্থাপনের অনুমতিপত্র প্রাপ্তির জন্য তফসিল-৩ এ বর্ণিত ফরমে চাহিত তথ্যাদি এবং কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অফেরতযোগ্য আবেদন ফিসহ আবেদন করিতে হইবে।

(২) কর্তৃপক্ষ, উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদনপত্রটি যাচাই-বাছাই সাপেক্ষে ত্রুটিপূর্ণ বলিয়া নির্ধারণ করিলে, ত্রুটিসমূহ উল্লেখপূর্বক, উক্ত আবেদন দাখিলের ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে আবেদনকারীকে নোটিশ প্রদান করিবে এবং উক্ত আবেদনকারী ত্রুটিসমূহ সংশোধনক্রমে, উক্ত নোটিশ প্রাপ্তির ৪৫ (পয়তাল্লিশ) কার্য দিবসের মধ্যে একটি সংশোধিত আবেদন কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে পারিবে।

(৩) উপ-বিধি (২) এ যাহা কিছুই থাকুক না কেন, কর্তৃপক্ষ, প্রয়োজনে, আইন ও এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, মূল্যায়ন প্রক্রিয়া চলাকালীন যে কোন সময় আবেদনকারীকে অতিরিক্ত তথ্য বা দলিলাদি দাখিলের অনুরোধ করিতে পারিবে এবং প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে কর্তৃপক্ষ আবেদনকারী প্রতিষ্ঠানকে, প্রয়োজনে, মূল আবেদন সংশোধনের অনুমতি দিতে পারিবে।

১৪। হাই-টেক শিল্প স্থাপনের অনুমতিপত্র ইস্যুকরণ।—(১) কর্তৃপক্ষ বিধি ১৩ অনুযায়ী আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে, আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদি যাচাই-বাছাইপূর্বক, হাই-টেক শিল্প স্থাপনের অনুমতিপত্র ইস্যু অথবা যথাযথ কারণ উল্লেখপূর্বক উহা না মঞ্জুর করিতে পারিবে।

(২) কর্তৃপক্ষ হাই-টেক শিল্প স্থাপনের অনুমতিপত্রের জন্য দাখিলকৃত আবেদন মূল্যায়নের ভিত্তিতে আবেদনকারী প্রতিষ্ঠান কর্তৃক গ্রহণীয় প্রস্তাবিত কার্যক্রমসমূহ, পার্কের জন্য অনুমোদিত কার্যক্রম বলিয়া গণ্য করিলে, আবেদনকারী কর্তৃক তফসিল-৩ এ বর্ণিত বিষয়াদির প্রতিপালন সাপেক্ষে, উক্ত প্রতিষ্ঠানকে হাই-টেক শিল্প স্থাপনের অনুমতিপত্র ইস্যু করিবে এবং উক্তরূপ ইস্যুকরণের বিষয়টি কর্তৃপক্ষের অফিসিয়াল ওয়েবসাইটে প্রকাশ করিবে।

(৩) কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত, হাই-টেক শিল্প স্থাপনের অনুমতিপত্রের অধীন প্রতিষ্ঠিত শিল্পের সম্পূর্ণ বা কোন অংশ কোন তৃতীয় পক্ষের নিকট বিক্রয়, হস্তান্তর, বরাদ্দ বা স্থানান্তর করা যাইবে না।

১৫। হাই-টেক শিল্প প্রতিষ্ঠানের অধিকার ও সুবিধাদি।—প্রযোজ্য আইন, বিধিমালা, চুক্তি এবং হাই-টেক শিল্প স্থাপনের অনুমতিপত্র সাপেক্ষে, কোন হাই-টেক শিল্প প্রতিষ্ঠান নিম্নবর্ণিত অধিকার ও সুবিধাদি প্রাপ্য হইবে, যথা:—

- (ক) অনুমোদিত পার্ক কার্যক্রম পরিচালনা করা;
- (খ) মালিকানা বা ইজারার ভিত্তিতে পার্কের ভূমি অর্জন করা;
- (গ) দেশী এবং বিদেশী নাগরিককে কর্মে নিয়োজিত করা;

- (ঘ) হাই-টেক শিল্প স্থাপনের জন্য প্রদেয় কোন প্রণোদনা লাভ ;
- (ঙ) প্রযোজ্য আইনের বিধান সাপেক্ষে, প্রতিষ্ঠানের সমুদয় অর্থ বাংলাদেশের অভ্যন্তরে বা বাহিরে স্থানান্তর করা;
- (চ) ঘোষিত পার্কে কোন ডেভেলপার কর্তৃক প্রদত্ত ইউটিলিটি বা অন্যান্য মৌলিক সেবার জন্য নির্ধারিত ফিস প্রতিযোগিতামূলক বাজার অবস্থার সহিত সামঞ্জস্যপূর্ণ না হইলে আপত্তি উত্থাপন করা; এবং
- (ছ) হাই-টেক শিল্প স্থাপনের অনুমতিপত্র দ্বারা প্রদত্ত অন্য কোন অধিকার প্রয়োগ।

১৬। হাই-টেক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক ভূমি বা স্পেস হস্তান্তর।—কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন ব্যতীত, কোন হাই-টেক শিল্প প্রতিষ্ঠান, পার্কের ভূমি বা উহার উপর অবস্থিত অন্য কোন সম্পত্তির সম্পূর্ণ বা অংশ বিশেষ, কোন অধীনস্থ ইজারা ব্যবস্থার মাধ্যমে বা অন্য কোন প্রক্রিয়ায়, কোন তৃতীয় পক্ষের নিকট হস্তান্তর করিতে পারিবে না।

১৭। হাই-টেক শিল্প স্থাপনের অনুমতিপত্র স্থগিত ও বাতিল।—(১) কর্তৃপক্ষ, কোন হাই-টেক শিল্প প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত কারণে ৬০ (ষাট) দিনের কারণ দর্শানোর নোটিশ এবং শুনানির সুযোগ প্রদানপূর্বক উক্ত হাই-টেক শিল্প স্থাপনের অনুমতিপত্র, তদকর্তৃক নির্ধারিত শর্তে, স্থগিত করিতে পারিবে, যথা:-

- (ক) বিধি ১৪ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত বিধান লঙ্ঘন করিলে;
- (খ) বিধি ১৬ এর বিধান লঙ্ঘন করিয়া হাই-টেক শিল্প প্রতিষ্ঠান কোন পার্কের ভূমি বা উহার উপর অবস্থিত অন্য কোন সম্পত্তির সম্পূর্ণ বা অংশ বিশেষ স্থানান্তর করিলে;
- (গ) প্রচলিত আইনের অধীন দেউলিয়া বলিয়া ঘোষিত হইলে;
- (ঘ) কোন উপযুক্ত সংস্থা কর্তৃক প্রাপ্য সকল ফি, কর বা অন্য কোন বকেয়া পরিশোধ করিতে ব্যর্থ হইলে;
- (ঙ) হাই-টেক শিল্প স্থাপনের আবেদনপত্রে কোন অসত্য বা ভুল তথ্য, ঘোষণা বা বর্ণনা প্রদান করিয়া থাকিলে;
- (চ) হাই-টেক শিল্প স্থাপনের অনুমতিপত্রে বর্ণিত কোন নিষিদ্ধ, বেআইনী বা অবৈধ কার্যক্রমের সহিত জড়িত থাকিলে;
- (ছ) কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে কোন হাই-টেক শিল্প প্রতিষ্ঠান একাদিক্রমে ৬০ (ষাট) দিন ইহার বাণিজ্যিক কার্যক্রম বন্ধ বা বিরত রাখিলে; বা
- (জ) আইন, বিধি অথবা হাই-টেক শিল্প স্থাপনের অনুমতিপত্রের শর্ত লঙ্ঘন বা ভঙ্গ করিলে।

(২) উপ-বিধি (১) উল্লিখিত সময়ের মধ্যে কোন হাই-টেক শিল্প প্রতিষ্ঠান যুক্তিসঙ্গত কারণ উপস্থাপন করিতে ব্যর্থ হইলে সংশ্লিষ্ট হাই-টেক শিল্প স্থাপনের অনুমতিপত্র চূড়ান্তভাবে বাতিল করা যাইবে।

১৮। হাই-টেক শিল্প প্রতিষ্ঠানের কার্যক্রম স্বেচ্ছায় বন্ধকরণ।—কোন হাই-টেক শিল্প প্রতিষ্ঠান কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট ডেভেলপার বরাবর ৬০ (ষাট) দিনের অধিম লিখিত নোটিশ প্রদানপূর্বক সংশ্লিষ্ট হাই-টেক শিল্প প্রতিষ্ঠানের কার্যক্রম স্বেচ্ছায় বন্ধ করিতে পারিবে।

**পঞ্চম অধ্যায়**  
**পার্কে বিনিয়োগকারীর সুবিধাসমূহ**

১৯। বিদেশী মালিকানা।—বাংলাদেশে নিবন্ধিত হওয়া সাপেক্ষে, কোন বিদেশী নাগরিক বা প্রতিষ্ঠান পার্কের কোন প্রতিষ্ঠানের একশত ভাগ (১০০%) মালিকানা অর্জন করিতে পারিবে।

২০। দেশি-বিদেশী প্রতিষ্ঠানের সমঅধিকার।—কর্তৃপক্ষসহ অন্যান্য সকল জাতীয়, আঞ্চলিক এবং স্থানীয় কর্তৃপক্ষের সহিত সম্পাদিত চুক্তি অনুযায়ী কোন পার্কে বাংলাদেশী বিনিয়োগকারী বিনিয়োগের ক্ষেত্রে যেইরূপ সুযোগ-সুবিধা ভোগ করিবার অধিকারী হইবে, উক্ত পার্কে বিনিয়োগকারী বিদেশী অরিজিন বা, এবং মালিকানাধীন প্রতিষ্ঠানেরও সেইরূপ সুযোগ-সুবিধা ভোগ করিবার অধিকার থাকিবে।

২১। তহবিল স্থানান্তর।—(১) প্রচলিত অন্যান্য আইনের বিধান সাপেক্ষে, পার্কের কোন বিনিয়োগকারী বা প্রতিষ্ঠান বা প্রতিষ্ঠানে নিয়োগপ্রাপ্ত বিদেশী কর্মী, প্রযোজ্য আইনের অধীন কর পরিশোধ সাপেক্ষে, কোন পার্ক হইতে রূপান্তরযোগ্য বিদেশী মুদ্রা সংগ্রহ এবং সকল বৈদেশিক বিনিময় লেনদেনসহ বাংলাদেশের অভ্যন্তরে এবং বাহিরে সকল ধরনের তহবিল স্থানান্তর করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত স্থানান্তর, পার্কে ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য বাংলাদেশ ব্যাংকের লাইসেন্সপ্রাপ্ত আর্থিক প্রতিষ্ঠান বা নিবন্ধিত বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে কার্যকর হইবে এবং উক্ত স্থানান্তরের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়গুলিও অন্তর্ভুক্ত হইবে, যথা:-

- (ক) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা কোম্পানীর মূলধনের প্রত্যাভাসন, প্রারম্ভিক এবং পরবর্তীকালীন মূলধনীয় কন্ট্রিবিউশনস, পুনঃমূল্যায়িত মূলধনীয় শেয়ার এবং ধারণকৃত উপার্জন মূলধনে রূপান্তরীকরণ;
- (খ) কোম্পানীর লাভ, উপার্জন, রেভিনিউস, বা ডিভিডেন্ট বন্টন এবং পার্কে বিনিয়োগলব্ধ যে কোন রিটার্ন এবং অন্যান্য এমআউন্টস;
- (গ) ইসলামী ঋণ সংক্রান্ত নীতির অধীন সুদের ফি পরিশোধের উপর আরোপণীয় তহবিল স্থানান্তর;
- (ঘ) লাইসেন্সিং ফি, রয়্যালটি, ব্যবস্থাপনা ফি, কারিগরি সহায়তা এবং অন্যান্য ফি এর উপর আরোপণীয় তহবিল স্থানান্তর;
- (ঙ) বাংলাদেশে প্রচলিত আইন সাপেক্ষে, পার্কের কোন বিনিয়োগকারী বা প্রতিষ্ঠানের বিদেশী কর্মীর অর্জিত পারিশ্রমিক, বেতনাদি, ও মজুরিলব্ধ অর্থ প্রেরণ;
- (চ) কোন পার্ক হইতে লব্ধ মূলধনীয় মুনাফা স্থানান্তর;
- (ছ) পার্কের কোন বিনিয়োগের সম্পূর্ণ বা কোন অংশ বিক্রয় অথবা উক্ত পার্কে কোন বিনিয়োগের আংশিক বা সম্পূর্ণ লিকুইডেশন লব্ধ নেট প্রসিডের (Proceeds) প্রত্যাভাসন;

- (জ) কোন বিদেশী চুক্তির অধীন অর্থ পরিশোধ, কোন বিদেশী ঋণ চুক্তি অনুযায়ী প্রভাবিত মূল অর্থ পরিশোধ, কোন প্রযুক্তি স্থানান্তর চুক্তি হইতে উদ্ভূত অর্থ পরিশোধ এবং কোন বিদেশী পণ্য বা সেবা ক্রয়ের জন্য সরবরাহকারীকে প্রদেয় অর্থ পরিশোধ; এবং
- (ঝ) পার্কের কোন বিনিয়োগকারীর কোন ব্যক্তিগত সম্পত্তি দখলচ্যুতির কারণে সরকার কর্তৃক উক্ত বিনিয়োগকারীকে ক্ষতিপূরণ বাবদ অর্থ পরিশোধ অথবা কোন বিরোধ সম্পত্তি সংক্রান্ত কার্যধারা হইতে উদ্ভূত অর্থ পরিশোধ।

(৩) বাংলাদেশ ব্যাংক, কর্তৃপক্ষের সম্মতি সাপেক্ষে, কোন পার্কে ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য কোন তফসিলি ব্যাংককে অনুমতি প্রদান করিতে পারিবে এবং বাংলাদেশ ব্যাংক পার্কে ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্সপ্রাপ্ত সকল তফসিলি ব্যাংকের কার্যক্রম নিয়ন্ত্রণ করিবে।

### ষষ্ঠ অধ্যায়

#### ওয়ান স্টপ সার্ভিস প্রদান, ইত্যাদি

২২। কর্তৃপক্ষের কার্যালয়, ইত্যাদি।—(১) কর্তৃপক্ষের প্রধান কার্যালয়, বিধি ২৩ অনুযায়ী প্রতিষ্ঠিত ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রসহ কর্তৃপক্ষের প্রত্যেক শাখা কার্যালয়, পার্ক প্রতিষ্ঠার অনুমতিপত্র ইস্যু বা প্রত্যাহার, ডেভেলপার এর যাবতীয় তথ্য সংরক্ষণসহ কর্তৃপক্ষের অফিসিয়াল ওয়েবসাইটে সংরক্ষিত রেজিস্ট্রিতে পার্কের বিনিয়োগকারী এবং পার্কের প্রতিষ্ঠানসমূহ নিবন্ধনকরণের জন্য দায়ী থাকিবে।

(২) কর্তৃপক্ষের প্রত্যেক শাখা কার্যালয় নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদনের জন্য দায়ী থাকিবে, যথা:—

- (ক) সংশ্লিষ্ট পার্কের দৈনন্দিন প্রশাসনিক কার্যক্রম পরিচালনা সংক্রান্ত নির্দেশাবলী জারী; এবং
- (খ) প্রধান কার্যালয় কর্তৃক অর্পিত অন্যান্য কার্যাবলী সম্পাদন।

(৩) কর্তৃপক্ষের প্রধান কার্যালয় এবং শাখা কার্যালয়সমূহ, পার্কসমূহের তথ্য বিনিময় সহজীকরণ ও প্রশাসনিক দক্ষতা বৃদ্ধির জন্য কর্তৃপক্ষের অফিসিয়াল ওয়েবসাইটে পার্ক সম্পর্কিত প্রাসঙ্গিক তথ্যাবলী রক্ষণাবেক্ষণ করিবে এবং উক্ত ওয়েবসাইটে ব্যবসা নিবন্ধন, পার্ক অনুমতিপত্র, হাই-টেক শিল্প স্থাপনের অনুমতিপত্র, পার্কের নির্মাণ পারমিট, পরিবেশগত ছাড়পত্র এবং পার্কের বিনিয়োগকারীর জন্য প্রয়োজনীয় অন্যান্য ফরমসহ পার্ক সংক্রান্ত সকল প্রাসঙ্গিক আবেদন ফরম এবং পার্কের বিনিয়োগকারী ও পার্কের প্রতিষ্ঠানসমূহের তথ্য সংরক্ষণ করিবে।

২৩। কর্তৃপক্ষের ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র।—(১) কর্তৃপক্ষ, আইনের ধারা ১৩ এর উদ্দেশ্য পূরণকল্পে, ইহার প্রধান ও শাখা কার্যালয়সমূহে ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র স্থাপন করিবে।

(২) পার্কের বিনিয়োগকারীদের অনুকূলে কার্যকর সেবা প্রদান নিশ্চিত করিবার উদ্দেশ্যে, কর্তৃপক্ষ প্রতিটি ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রে প্রয়োজনীয় অফিস স্পেস, সরঞ্জামাদি এবং জনবলের সংস্থান ও রক্ষণাবেক্ষণ করিবে।

(৩) প্রতিটি ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র, ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক মনোনীত এবং নির্বাহী কমিটির অনুমোদিত একজন ওয়ান স্টপ সার্ভিস কো-অর্ডিনেশন অফিসার দ্বারা পরিচালিত হইবে এবং উক্ত অফিসার, ব্যবস্থাপনা পরিচালকের নিকট তাহার কর্মের জন্য জবাবদিহি করিবেন এবং ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রের দৈনন্দিন ব্যবস্থাপনা, জনবল এবং সংশ্লিষ্ট ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র ও উপযুক্ত সংস্থা কর্তৃক গৃহীত সকল সমন্বিত কার্যক্রম তত্ত্বাবধান করিবেন।

(৪) পার্কে অবস্থিত অন্যান্য সকল সংস্থা প্রযোজ্য স্ব-স্ব আইন অনুযায়ী উহাদের সংশ্লিষ্ট নিয়ন্ত্রণমূলক এখতিয়ার সংরক্ষণ করিবে এবং কর্তৃপক্ষ, পার্কের প্রশাসন ও কার্যক্রম দক্ষতার সহিত পরিচালনা এবং পার্কের উপর যুগপৎ বা আংশিক নিয়ন্ত্রণের এখতিয়ার রহিয়াছে এইরূপ সরকারি সংস্থার নিয়ন্ত্রণ নিশ্চিত করিবার উদ্দেশ্যে, উহার যে কোন ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রের মাধ্যমে উক্ত সকল সংস্থার সহিত সমন্বয় সাধন করিবে

**২৪। ইলেকট্রনিক পার্ক অনুমতিপত্র ও নিবন্ধন।**—ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র, নির্বাহী কমিটির অনুমোদনক্রমে, নিম্নোক্ত বিষয়সহ প্রযোজ্য অন্যান্য বিষয়ে অনুমোদন প্রদানের জন্য ইলেকট্রনিক পদ্ধতি প্রতিষ্ঠা করিতে পারিবে, যথা :-

- (ক) পার্ক অনুমতিপত্র;
- (খ) হাই-টেক শিল্প স্থাপনের অনুমতিপত্র;
- (গ) পার্কের নির্মাণ পারমিট বা অনুমোদনপত্র;
- (ঘ) পরিবেশগত ছাড়পত্র সংগ্রহপূর্বক প্রদান; এবং
- (ঙ) নির্বাহী কমিটি কর্তৃক জারীকৃত রেজুলিউশন দ্বারা নির্ধারিত অন্য কোন বিষয়ে অনুমোদন প্রদান।

#### সপ্তম অধ্যায়

#### পার্ক এলাকায় বসবাসের অনুমতি ও দায়বদ্ধতা, ইত্যাদি

**২৫। পার্কে বসবাসের অনুমতিপত্র।**—(১) কর্তৃপক্ষ, কোন পার্কের প্রতিষ্ঠান কর্তৃক বৈধভাবে নিয়োগপ্রাপ্ত কর্মী নিম্নবর্ণিত তথ্য ও দলিলাদিসহ আবেদন করিলে, উহা যাচাই-বাছাইপূর্বক আবেদন দাখিলের ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট কর্মীর অনুকূলে পার্কে বসবাসের অনুমতিপত্র প্রদান করিবে, যথা:—

- (ক) নিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক উক্ত কর্মীর মূল নিয়োগের চুক্তিপত্র;
- (খ) প্রযোজ্য ক্ষেত্রে কোন শ্রম ও ইমিগ্রেশন অনুমোদনপত্র; এবং
- (গ) সংশ্লিষ্ট কর্মীর অনুকূলে নিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক পার্কের আবাসিক এলাকায় বসবাসকারীর অনুকূলে কোন নির্দিষ্ট ইউনিট বরাদ্দের প্রমাণপত্র।

(২) কর্তৃপক্ষ উপ-বিধি (১) এ উল্লিখিত সময়ের মধ্যে পার্কে বসবাসের অনুমতিপত্র প্রদানে ব্যর্থ হইলে উক্ত কর্মী এই বিধিমালার অধীন পার্কে বসবাসকারীর মর্যাদা অর্জন করিয়াছেন বলিয়া গণ্য হইবেন।

(৩) পার্কে বসবাসের অনুমতিপ্রাপ্ত কোন কর্মীর উক্ত মর্যাদা থাকাকালীন উক্ত কর্মীর কোন স্বামী, স্ত্রী বা অবিবাহিত সন্তান তাহার পোষ্য হিসাবে পার্কে বৈধ বসবাসকারী হিসাবে মর্যাদা অর্জন করিবেন।

(৪) পার্কের কোন প্রতিষ্ঠানের কর্মীর চাকুরির মেয়াদ শেষ হইবার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অথবা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে উক্ত কর্মী তাহার পরিবারসহ সংশ্লিষ্ট পার্কের আবাসিক এলাকা ত্যাগ করিবেন।

(৫) কর্তৃপক্ষ, এই বিধির শর্তাবলী পূরণ সাপেক্ষে, পার্কে বসবাসকারী হিসাবে প্রত্যেক ব্যক্তির অনুকূলে একটি পরিচয়পত্র ইস্যু করিবে।

(৬) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, কর্তৃপক্ষ উপযুক্ত মনে করিলে এবং তদকর্তৃক নির্ধারিত শর্তে, পার্কের কাজের সাথে সংশ্লিষ্ট কোন ব্যক্তির অনুকূলে পার্কে বসবাসের সাময়িক অনুমতিপত্র প্রদান করিতে পারিবে।

২৬। পার্কে বসবাসকারীর দায়িত্ব।—পার্কে বসবাসকারীর দায়িত্ব হইবে নিম্নরূপ, যথা:—

- (ক) এই বিধিমালা, পার্কে বসবাসের অনুমতিপত্র, পার্কে প্রযোজ্য অভ্যন্তরীণ পরিচালনা সংক্রান্ত নীতিমালা এবং ইজারা চুক্তিসহ অন্যান্য প্রযোজ্য আইন প্রতিপালন করা;
- (খ) স্থানীয় ট্যারিফ এলাকার ভিতরে অবস্থিত কোন পার্কের আবাসিক এলাকায় আমদানিকৃত কোন বিদেশী পণ্যের জন্য আমদানী শুল্ক, অভ্যন্তরীণ শুল্ক, কর, লেভী, ট্যারিফ এবং অন্যান্য আবগারি চার্জসমূহ পরিশোধ করা;
- (গ) প্রযোজ্য আইন অনুসারে ব্যক্তিগত আয়কর এবং অন্যান্য কর পরিশোধ করা; এবং
- (ঘ) পার্ক বা রাস্তার জন্য ক্ষতিকর এইরূপ কার্যক্রমে অংশগ্রহণ করা হইতে বিরত থাকা।

২৭। পার্কে বসবাসের অনুমতিপত্র প্রত্যাহার।—(১) কর্তৃপক্ষ, নিম্নবর্ণিত ক্ষেত্রে ৩০ (ত্রিশ) দিনের অগ্রিম লিখিত নোটিশ এবং যথাযথ শুনানির সুযোগ প্রদানপূর্বক, পার্কে বসবাসকারীর অনুমতিপত্র প্রত্যাহার করিতে পারিবে, যথা:—

- (ক) কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে পার্কের আবাসিক এলাকায় একাদিক্রমে ১৮০ (একশত আশি) দিন বসবাস না করিলে;
- (খ) পার্কে বসবাসের অনুমতিপত্রের জন্য দাখিলকৃত আবেদনপত্রে অসত্য বা ভুল তথ্য, ঘোষণা বা বর্ণনা প্রদান করিলে; বা
- (গ) কোন নিষিদ্ধ, বেআইনী বা অবৈধ কার্যক্রমের সহিত জড়িত থাকিলে।

(২) উপ-বিধি(১) অনুযায়ী কোন কর্মীর পার্কে বসবাসের অনুমতিপত্র প্রত্যাহার করা হইলে উক্ত কর্মীর পোষ্যও পার্কে বসবাসের মর্যাদা হারাইয়াছে বলিয়া গণ্য হইবেন।

**অষ্টম অধ্যায়**  
**নির্মাণ অনুমোদন পদ্ধতি**

২৮। **নির্মাণ পদ্ধতি**।—(১) পার্কের কোন প্রতিষ্ঠান বা ডেভেলপার কর্তৃক কোন পার্কের ভূমিতে পরিচালিত কোন নির্মাণ বা স্থাপনা সংক্রান্ত কাজ বা ইতিপূর্বে নির্মিত কোন ইউনিটের কোন পরিবর্তন কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত পার্কের নির্মাণ সংক্রান্ত নীতিমালা অনুসারে করিতে হইবে।

(২) পার্কের সহিত সম্পর্কিত কোন অবকাঠামো বা নির্মাণ কাজ সম্পাদনের বিষয়টি কর্তৃপক্ষ, উপযুক্ত সংস্থার সহিত সমন্বয়পূর্বক, তত্ত্বাবধান করিবে।

২৯। **নির্মাণ অনুমোদন**।—(১) কর্তৃপক্ষ অথবা ক্ষেত্রমত, এতদসংক্রান্ত বিষয়ে ক্ষমতাপ্রাপ্ত ডেভেলপার বরাবর কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফরমে এবং তালিকাভুক্ত বা অনুমোদিত প্রকৌশলী পরামর্শকের সত্যায়ন সাপেক্ষে, পার্কের নির্মাণ পারমিট বা অনুমোদনপত্র ও নির্মাণ সমাপ্তি সার্টিফিকেটের জন্য আবেদন করিতে হইবে।

(২) পার্ক অনুমতিপত্র বা, ক্ষেত্রমত, হাই-টেক শিল্প স্থাপনের অনুমতিপত্র ইস্যুর ১৮০ (একশত আশি) দিনের মধ্যে পার্কের প্রতিষ্ঠান কর্তৃপক্ষের নিকট নিম্নবর্ণিত দলিলাদিসহ নির্মাণ অনুমোদনপত্রের জন্য আবেদন করিবে, যথা:—

(ক) আবেদনকারী প্রতিষ্ঠানের পক্ষে প্রকৌশলীর লাইসেন্সের কপিসহ মনোনীত প্রকৌশলী পরামর্শকের নিয়োগপত্র;

(খ) প্রস্তাবিত নির্মাণ কাজের বিস্তারিত নকশা, অঙ্কন এবং পরিকল্পনা; এবং

(গ) কর্তৃপক্ষ কর্তৃক ধার্যকৃত এতদসংক্রান্ত প্রয়োজনীয় প্রশাসনিক ফি পরিশোধের রসিদ।

(৩) কর্তৃপক্ষ বা কোন উপযুক্ত সংস্থা উপ-বিধি (২) এর অধীন আবেদনপত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে, নিম্নবর্ণিত বিষয়ে সন্তুষ্টি সাপেক্ষে, আবেদনকারী প্রতিষ্ঠানকে নির্মাণ পারমিট বা অনুমোদনপত্র প্রদান করিবে, যথা:—

(অ) উপ-বিধি (২) এ উল্লিখিত আবশ্যিকতাসমূহ আবেদনকারী যথাযথভাবে পূরণ করিয়াছে; এবং

(আ) আবেদনকারী কর্তৃক দাখিলকৃত নির্মাণ নকশা, অঙ্কন এবং পরিকল্পনা প্রযোজ্য আইনে বর্ণিত ন্যূনতম মানদণ্ড অনুসরণপূর্বক প্রণয়ন করা হইয়াছে।

(৪) উপ-বিধি (৩) অনুযায়ী নির্মাণ অনুমোদনপত্র প্রদানের তারিখ হইতে ৯০ (নব্বই) দিন বা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে কর্তৃপক্ষ কর্তৃক বর্ধিত সময়সীমার মধ্যে কাজ শুরু করিতে হইবে।

(৫) পার্কের কোন প্রতিষ্ঠান, পরিবর্তনের বিস্তারিত বর্ণনা, পরিবর্তিত অঙ্কন, নকশা বা পরিকল্পনা কর্তৃপক্ষের নিকট দাখিলপূর্বক কর্তৃপক্ষের পূর্বানুমোদন গ্রহণ সাপেক্ষে, পার্কে প্রস্তাবিত নির্মাণ কাজের জন্য অনুমোদিত নকশা, অঙ্কন বা পরিকল্পনা বা নির্মাণ অনুমোদনপত্রে উল্লিখিত শর্তাবলী পরিবর্তন করিতে পারিবে।

(৬) কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট সকল সংস্থার সহিত পরামর্শ ও সমন্বয় সাধনক্রমে, উপ-বিধি (৫) এ উল্লিখিত আবেদন দাখিলের ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে পরিবর্তনের প্রস্তাব অনুমোদন করিবে অথবা যথাযথ কারণ উল্লেখপূর্বক আবেদন বাতিলক্রমে উহা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে লিখিতভাবে অবহিত করিবে।

(৭) পার্কের কোন প্রতিষ্ঠানকে অনুমোদিত নির্মাণ কাজ সমাপ্তির ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে পার্কে নির্মাণ সমাপ্তির সার্টিফিকেট এর জন্য আবেদন করিতে হইবে।

(৮) কর্তৃপক্ষ, উপ-বিধি (৭) অনুযায়ী আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে, সংশ্লিষ্ট সকল সংস্থার সহিত সমন্বয় সাধনপূর্বক, নির্মাণ অনুমোদনপত্রে উল্লিখিত নকশা, অঙ্কন এবং পরিকল্পনা অনুযায়ী অবকাঠামো নির্মাণ করা হইয়াছে কিনা উহা নিশ্চিতকল্পে নির্মিত অবকাঠামো পরিদর্শনপূর্বক, পরিদর্শনে সন্তুষ্টি সাপেক্ষে, পার্কে নির্মাণ সমাপ্তির সার্টিফিকেট প্রদান করিবে।

(৯) উপ-বিধি (৮) এ উল্লিখিত সার্টিফিকেট প্রদানের পর, উক্ত অবকাঠামো ব্যবহার এবং উহাতে সকল গুরুত্বপূর্ণ বা মৌলিক সেবাসমূহ, যেমন- পানি, বিদ্যুৎ, টেলিযোগাযোগ বা অন্য কোন মেশিনপত্র স্থাপনের কাজ শুরু করা যাইবে।

(১০) কর্তৃপক্ষ, পার্কে নির্মাণ সমাপ্তির সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে, সংশ্লিষ্ট সকল সংস্থার সহিত পরামর্শ ও সমন্বয়পূর্বক, পার্ক অকুপেন্সী পারমিট প্রদান করিবে এবং উক্ত পার্ক অকুপেন্সী পারমিট প্রাপ্তি সাপেক্ষে, পার্কের কোন প্রতিষ্ঠান তদকর্তৃক নির্মিত কোন অবকাঠামো ব্যবহার করিতে পারিবে।

#### নবম অধ্যায়

#### হাই-টেক শিল্প প্রতিষ্ঠানের জন্য কর ও শুল্ক সুবিধা, ইত্যাদি

৩০। শুল্ক ও কর সুবিধাদি।—(১) আইনের ধারা ১৫ ও ১৬ এর উদ্দেশ্যপূরণকল্পে, হাই-টেক পার্কে স্থাপিত হাই-টেক শিল্প-কারখানা অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিম্নবর্ণিত বিধিমালার অধীন বা, ক্ষেত্রমত, প্রজ্ঞাপনে উল্লিখিত শর্ত সাপেক্ষে, প্রযোজ্য অন্যান্য আইন বা বিধিমালার অধীন প্রাপ্য শুল্ক ও কর সুবিধাদির অতিরিক্ত বিশেষ শুল্ক, কর ও বন্ডেড সুবিধা প্রাপ্য হইবে, যথা:—

- (ক) বাংলাদেশ হাই-টেক পার্ক ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing station) বিধিমালার, ২০১৫ (প্রজ্ঞাপন এস,আর, ও নং ২১৪-আইন/২০১৫/৫১/কাস্টমস, তাং ০১ জুলাই, ২০১৫);
- (খ) প্রজ্ঞাপন এস,আর, ও নং ২১২-আইন/২০১৫/৪৯/কাস্টমস, তাং ০১ জুলাই, ২০১৫;
- (গ) প্রজ্ঞাপন এস,আর, ও নং ২১৩-আইন/২০১৫/৫০/কাস্টমস, তাং- ০১ জুলাই, ২০১৫;
- (ঘ) প্রজ্ঞাপন এস,আর, ও নং ২২৮-আইন/আয়কর/২০১৫, তাং- ০৮ জুলাই, ২০১৫;
- (ঙ) প্রজ্ঞাপন এস,আর, ও নং ২২৯-আইন/আয়কর/২০১৫, তাং- ০৮ জুলাই, ২০১৫।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত সুবিধাদি ছাড়াও সরকার কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য সুবিধাদিও পার্কে স্থাপিত হাই-টেক শিল্প-কারখানা প্রাপ্য হইবে।



## দশম অধ্যায়

## বিবিধ

৩১। শ্রমিকের স্বার্থ সুরক্ষা।—(১) বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ আইন) এর বিধানাবলী, সরকার, গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, পার্ক বা উহার কোন অংশ বা কোন প্রতিষ্ঠানকে উক্ত আইনের প্রয়োগ হইতে অব্যাহতি প্রদান না করিলে এবং পার্ক বা উহার কোন সংঘটন বা প্রতিষ্ঠানের ক্ষেত্রে, ইপিজেড শ্রমিক কল্যাণ সমিতি ও শিল্প সম্পর্ক আইন, ২০১০ (২০১০ সনের ৪৩ নং আইন) এর বিধানাবলীর সহিত সাংঘর্ষিক না হওয়া সাপেক্ষে, প্রযোজ্য হইবে।

(২) ইপিজেড শ্রমিক কল্যাণ সমিতি ও শিল্প সম্পর্ক আইন, ২০১০, বাংলাদেশ শ্রম আইন, ২০০৬, বাংলাদেশ কর্তৃক অনুসমর্থিত ও কার্যকর আন্তর্জাতিক শ্রম সংস্থার (ILO) সকল কনভেনশনসমূহের বিধান অনুযায়ী, প্রয়োজনীয় অভিযোজন সাপেক্ষে, প্রত্যেক পার্কে শ্রমিকদের অধিকার সুরক্ষা, আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO) এর মানদণ্ড অনুযায়ী গ্রহণযোগ্য কাজের পরিবেশ নিশ্চিতকরণ, শিশু শ্রম নিষিদ্ধের নিশ্চয়তা প্রদান, গর্ভবতী মহিলা শ্রমিকের জন্য প্রযোজ্য অধিকারসমূহ নিশ্চিতকরণ, মহিলা শ্রমিকের প্রতি সমান আচরণের সুরক্ষা প্রদান, সীমিত কর্মঘণ্টার প্রয়োগ, শ্রমিকদের ক্ষতিপূরণ সংক্রান্ত বিধানের প্রয়োগ, স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত মানদণ্ডের প্রয়োগ নিশ্চিতকরণ, অতিরিক্ত ভাতা ও ছুটি সংক্রান্ত অধিকার প্রয়োগের বিষয়ে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকিবে।

(৩) উপ-বিধি (২) এর বিষয়াদি প্রতিপালন নিশ্চিতকরণের লক্ষ্যে কর্তৃপক্ষ, সময় সময়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহিত সমন্বয়পূর্বক সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান পরিদর্শন ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিতে পারিবে।

(৪) কর্তৃপক্ষ পার্কে অবস্থিত কোন প্রতিষ্ঠানে কর্মরত বিদেশী শ্রমিকদের সর্বোচ্চ সীমা, কোটা বা অন্য কোন প্রকারের বিধি-নিষেধ আরোপ করিতে পারিবে।

৩২। ভিসা প্রক্রিয়াকরণ।—কর্তৃপক্ষ, পার্কে অবস্থিত কোন প্রতিষ্ঠানে বিদেশী নাগরিক নিয়োগের উদ্দেশ্যে, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহিত সমন্বয় সাধনপূর্বক, রেসিডেন্ট ও নন রেসিডেন্ট ভিসা দ্রুততার সহিত ইস্যু করিবার ক্ষেত্রে সহযোগিতা প্রদান করিবে।

৩৩। ইংরেজিতে অনুদিত পাঠ প্রকাশ।—সরকার, গেজেট প্রজ্ঞাপন দ্বারা, এই বিধিমালার ইংরেজিতে অনুদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিতে পারিবে।

## তফসিল-১

## [বিধি ৪(১) দ্রষ্টব্য]

## পার্ক প্রতিষ্ঠার জন্য প্রাথমিক আবেদন পত্র

১। আবেদনকারীর তথ্য:

- (ক) আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :
- (খ) যৌথ উদ্যোগের ক্ষেত্রে প্রত্যেক অংশীদারের নাম ও ঠিকানা :
- (গ) প্রত্যেক অংশীদারের ভূমিকা এবং দায়দায়িত্ব:
- (ঘ) আর্থিক সক্ষমতা (বিগত তিন বৎসরের অডিটেড রিপোর্ট সংযুক্ত করিতে হইবে):

## ২। প্রস্তাবিত প্রকল্পের বিবরণ:

- (ক) প্রকল্প এলাকার অবস্থান ও আয়তন:  
 (খ) প্রকল্পের বিবরণ ও উপাদানসমূহ:  
 (গ) বিনিয়োগের পরিমাণ:

## ৩। প্রকল্প এলাকার জমি/ভবন এর বিবরণ:

- (ক) জমি বা ভবনের অবস্থান (মৌজা, খতিয়ান, দাগ) ও পরিমাণ:  
 (খ) জমি বা ভবনের বর্তমান ব্যবহার:  
 (গ) জমি বা ভবনের আনুমানিক মূল্য:  
 (ঘ) জমি বা ভবনের মালিকানা সম্পর্কিত তথ্য:  
 (ঙ) পরিবহণ সুবিধা সম্পর্কিত তথ্য:

প্রধান পরিবহণ সুবিধার নাম	হ্যাঁ	না	দূরত্ব (কি:মি:)
বিমান বন্দর			
বন্দর			
রেলপথ			
জাতীয় সড়ক নেটওয়ার্ক			
স্থানীয় সড়ক নেটওয়ার্ক			
অন্যান্য			

## (চ) বিদ্যমান অফ-সাইট অবকাঠামো, পরিসেবা ও সুবিধাদি:

আইটেম	বর্তমান অবস্থা	যোগানদাতা	দূরত্ব (কি:মি:)	এলাকা সীমানায় আনিতে সম্ভাব্য খরচ	প্রস্তাবিত সময়সূচী (মাস)
পার্কের প্রবেশ পথ (স্থানীয় সড়ক নেটওয়ার্ক সংযোগ/ উন্নয়ন)					
বিদ্যমান বিদ্যুৎ সরবরাহ নেটওয়ার্ক					
বিদ্যমান পানি সরবরাহ নেটওয়ার্ক					
বিদ্যমান গ্যাস সরবরাহ নেটওয়ার্ক					
বিদ্যমান টেলিকম নেটওয়ার্ক					
অন্যান্য					

## ৪। ভূমির/ভবনের পরিমাণ বৃদ্ধি সম্পর্কিত ভবিষ্যৎ পরিকল্পনা :

## ৫। আইনগত কাঠামো:

প্রকল্পের প্রকৃতি (পিপিপি/নিজস্ব অর্থ/ অন্যান্য)

- ৬। বিনিয়োগ সম্পর্কিত তথ্য:
- (ক) মোট বিনিয়োগ:
- (খ) মূলধনী বিনিয়োগ :
- (গ) ইকুইটি ও ঋণ চাহিদা:
- (ঘ) অর্থলগ্নী উপায়সমূহ:
- ৭। বাস্তবায়ন পরিকল্পনা:
- (ক) প্রকল্প শুরুর সম্ভাব্য সময়/তারিখ:
- (খ) নির্মাণ পরিকল্পনা:
- (গ) বিপণন পরিকল্পনা:
- ৮। প্রকল্পের আর্থিক ও সামাজিক প্রভাব:
- ৯। আনুষঙ্গিক কাগজপত্র ও তথ্যাদি:সহায়ক দলিলপত্র (উপরে প্রদত্ত তথ্যাদির সমর্থনে সংশ্লিষ্ট দলিলপত্রাদি দাখিল করিতে হইবে):

#### আবেদনকারীর প্রত্যয়ন

আমি/আমরা, নিম্নস্বাক্ষরকারী, এতদ্বারা ঘোষণা করিতেছি যে—

- (ক) আমি/আমরা, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নং আইন) এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ বিধিমালা, ২০১৫ সম্পূর্ণভাবে পাঠ করিয়াছি এবং এই আবেদনপত্র উক্ত বিধিমালার সহিত সংগতি রাখিয়া পূরণ করা হইয়াছে;
- (খ) আমাদের পরিচালনা পর্ষদ কিংবা সমপর্যায়ের পর্ষদ এই আবেদনপত্র দাখিল করিতে ক্ষমতা ও অনুমতি প্রদান করিয়াছে;
- (গ) এই আবেদনপত্র এবং তৎসংযুক্ত কাগজপত্রে, যদি থাকে, প্রদত্ত তথ্য সত্য ও সঠিক এবং সকল উপাদান, সর্বতোভাবে, সঠিক ও বাস্তব;
- (ঘ) আবেদনপত্রে প্রদত্ত সকল হিসাব সরল বিশ্বাসে এবং সবোচ্চ যত্ন সহকারে প্রস্তুত করা হইয়াছে;
- (ঙ) আমাদের কোন কর্মকর্তা/কোম্পানীর কোন পরিচালক বা তদূর্ধ্ব পদমর্যাদার কোন ব্যক্তি বর্তমানে বা কখনও কোন দেশের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক পেশাদারী অবহেলা বা অসৎ কর্মের জন্য দণ্ডিত হননি;
- (চ) আমি/আমরা, দক্ষতা ও উপযোগিতার ভিত্তিতে বাংলাদেশের উন্নয়ন লক্ষ্যসহ কর্তৃপক্ষের উদ্দেশ্য বাস্তবায়নের জন্য পার্ক পরিচালনা করিতে সক্ষম;

- (ছ) এই আবেদনপত্রের অংশ হিসাবে দাখিলকৃত ব্যবসা পরিকল্পনা, প্রাক সম্ভাব্যতা সমীক্ষা এবং মাস্টার প্ল্যানের বর্ণনা অনুযায়ী, প্রস্তাবিত পার্ক প্রকল্প কারিগরীভাবে, অর্থনৈতিকভাবে ও সামাজিকভাবে কর্মক্ষম;
- (জ) আমি/আমরা, সরল বিশ্বাসে, প্রকল্পটি সর্বোচ্চ সামর্থ অনুযায়ী বিপণন ও কার্যকর করিবার প্রস্তাব করিতেছি;
- (ঝ) আমি/আমরা, প্রচলিত আইন অনুযায়ী এই আবেদনপত্রে উল্লিখিত প্রকল্পের রাজস্ব, খরচ, লাভ ও ক্ষতি নির্ণয়ের জন্য যথাযথ হিসাব পদ্ধতি ব্যবহার এবং ভবিষ্যতে কর্তৃপক্ষের চাহিদা ও অনুরোধ অনুযায়ী, আর্থিক পরিসংখ্যান ও হিসাব সংক্রান্ত তথ্যাদি উপস্থাপন করিব;
- (ঞ) আমি/আমরা, সময় সময়, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নং আইন) এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ বিধিমালা, ২০১৫ এবং কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী পার্ক সম্পর্কিত কর্মকাণ্ডের প্রতিবেদন এবং অন্যান্য তথ্যাদি দাখিল করিব;
- (ট) আমি/আমরা, কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে এই আবেদনপত্রে উল্লিখিত পার্ক প্রকল্পের কাজ আরম্ভ ও পরিচালনা করিব;
- (ঠ) আমাদের শেয়ারহোল্ডার, মুখ্য কর্মকর্তাবৃন্দ বা বিদেশী ব্যক্তি বা ব্যবসার সহিত এবং/ অথবা কর্তৃপক্ষে মধ্যে কোন প্রতারণামূলক সম্পর্ক নাই;
- (ড) আমি/আমরা, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নং আইন) এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ বিধিমালা, ২০১৫সহ পার্ক সম্পর্কিত কর্মকাণ্ড নিয়ন্ত্রণকারী সকল আইন, বিধি ও শর্ত মানিয়া চলিতে বাধ্য থাকিব।

তারিখ:.....

আবেদনকারীর স্বাক্ষর

আবেদনকারীর নামঃ

পদবী: .....

জাতীয়তা (ক্ষেত্রমত প্রযোজ্য):.....

টিন নম্বর (TIN No). :.....

পার্সপোট নম্বর/জাতীয় পরিচয় পত্রের নম্বর.....

ঠিকানা: .....

শহর: .....

দেশ: .....

টেলিফোন: .....ফ্যাক্স: .....

**শুধুমাত্র অফিসিয়াল ব্যবহারের জন্য**  
প্রাথমিক-যোগ্যতার ক্ষেত্রে যাচাইকৃত উপাদানসমূহ

আইটেম	দাখিলকৃত	মন্তব্য
অনুমতিপত্রের আবেদন ফি		
বৈধ ব্যবসা নিবন্ধন সনদ		
নোটারীকৃত বোর্ড সিদ্ধান্ত		
কোম্পানির তথ্য সম্বলিত নোটারীকৃত বিবরণী		
কোম্পানির ৩ (তিন) বৎসরের সংক্ষিপ্তসার এবং নিরীক্ষিত আর্থিক বিবরণী		
বৃহদায়তন অবকাঠামো বা বিশেষ অর্থনৈতিক অঞ্চল প্রকল্প বাস্তবায়নে অতীত অভিজ্ঞতা		
পার্শ্বের অন্তর্ভুক্ত ভূমির নোটারীকৃত স্বত্ব বা মালিকানার দলিল এবং ভূমি মালিকদের তালিকা		
ব্যবসা পরিকল্পনা		
অন্যান্য		

আবেদনপত্র নং	প্রাথমিক-যোগ্যতা আবেদনপত্র গ্রহণের তারিখ: --/--/---- দিন/মাস/বৎসর
প্রাথমিক-যোগ্যতা অনুমোদিত: - হ্যাঁ - না	অনুমোদনের তারিখ: --/--/---- দিন/মাস/বৎসর
প্রাথমিক-যোগ্যতাপত্র ইস্যু: - হ্যাঁ - না	ইস্যুর তারিখ: --/--/---- দিন/মাস/বৎসর
গ্রহণকারী কর্মকর্তার স্বাক্ষর	অনুমোদনকারী কর্মকর্তার স্বাক্ষর

## তফসিল-২

## [বিধি ৪(৫) ও ৫(১) দ্রষ্টব্য]

## চূড়ান্ত অনুমোদনের জন্য তথ্য দাখিলের ছক ও প্রত্যয়ন

- ১। প্রকল্পের বিবরণ:
- ২। শিল্প সম্পর্কিত তথ্য:
  - (ক) পার্কে স্থাপনযোগ্য শিল্পের তালিকা:
  - (খ) পার্কের জন্য প্রস্তাবিত শিল্প স্থাপনের যুক্তি ( ২০ বৎসর বিবেচনায় ):
  - (গ) তালিকাভুক্ত প্রতিটি শিল্পের জন্য সম্ভাব্য ভূমির পরিমাণ:
- ৩। বিপণন পরিকল্পনা:
  - (ক) বিপণন কৌশল:
  - (খ) চিহ্নিত বিনিয়োগকারী ও দেশের তালিকা:
- ৪। মান্ডারপ্লান:
  - (ক) পার্কের মোট জমি বা ভবনের পরিমাণ:
  - (খ) জমি বা ভবনের মালিকানা, অবস্থান, আয়তন, সাধারণ বর্ণনা:
  - (গ) প্রকল্প এলাকার বর্তমান অবস্থা - প্রাকৃতিক বৈশিষ্ট্য, মাটির অবস্থা, বিদ্যমান কাঠামো, সীমানাচিহ্ন, সীমাবদ্ধতা, পরিবেশগত ও সামাজিক বিষয়:
  - (ঘ) ভূমি ব্যবহারের পরিকল্পনা :
  - (ঙ) বিভিন্ন অবকাঠামো (রাস্তা, নিরাপত্তা, যোগাযোগ,টেলিযোগাযোগ, গ্যাস, বিদ্যুৎ,পানি,পয়ঃনিষ্কাশন,বর্জ্য ব্যবস্থাপনা ইত্যাদি) পরিকল্পনা:
  - (চ) পার্ক উন্নয়ন পরিকল্পনা:
  - (ছ) প্রকল্পের প্রাক্কলিত মোট ব্যয়:
- ৫। পরিবেশগত ও সামাজিক পর্যালোচনা:
  - (ক) পরিবেশগত প্রভাব মূল্যায়ন:
  - (খ) পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা:
  - (গ) সামাজিক প্রভাব মূল্যায়ন:
  - (ঘ) পুনর্বাসন পরিকল্পনা, প্রয়োজনবোধে:
- ৬। আর্থিক মডেল:
 

(অবকাঠামোর প্রধান ব্যয়, পরিচালনা ও ব্যবস্থাপনা ব্যয়,প্রস্তাবিত ইজারা/বিক্রয় মূল্য ইত্যাদি বিবেচনায় নিতে হইবে)

  - (ক) অর্থনৈতিক বিশ্লেষণ:

৭। প্রকল্পের সংক্ষিপ্তসার :

ক. উন্নয়নের অবস্থা:

(১) নতুন উন্নয়ন:

নির্মাণ আরম্ভ হইবার সম্ভাব্য তারিখ:

নির্মাণ শেষ হইবার প্রত্যাশিত তারিখ:

(২) পর্যায় ক্রমিক উন্নয়ন (৫/১০ বৎসরের):

খ. প্রাক্কলিত প্রকল্প ব্যয়:

উন্নয়ন ব্যয়	আয়তন (বর্গফুট/বর্গমিটার)	প্রাক্কলিত প্রকল্প খরচ (টাকা/ইউএস ডলার)	অর্থের উৎস
মোট প্রকল্প ব্যয়:			
ভূমি অধিগ্রহণ ব্যয়			
ভূমি উন্নয়ন			
পর্যায়-১ ভূমি/ অবকাঠামো/পরিষেবা উন্নয়ন			
ভবন এবং অবকাঠামো উন্নয়ন সুবিধাদি ব্যয়			
অফ-সাইট অবকাঠামো/অন্যান্য			
অন্যান্য ব্যয় (যদি থাকে)			
পর্যায়-২ ভবন এবং অবকাঠামো উন্নয়ন সুবিধাদি ব্যয়			
ভবন এবং অবকাঠামো উন্নয়ন সুবিধাদি ব্যয়			
অফ-সাইট অবকাঠামো/অন্যান্য			
অন্যান্য			
পর্যায়-৩ ভূমি/অবকাঠামো/পরিষেবা			

উন্নয়ন			
---------	--	--	--

গ. প্রস্তাবিত অন-সাইট অবকাঠামো, পরিসেবা ও সুবিধাদি সম্পর্কিত তথ্যাদি:

(১) রাস্তা সম্পর্কিত তথ্য:

রাস্তা	প্রশস্ততা	ফুটপাথের ধরণ	প্রাক্কলিত খরচ (টাকা/ইউএসডি)
প্রধান রাস্তা			
মধ্যম রাস্তা			
তৃতীয় পর্যায়ের রাস্তা			

অতিরিক্ত জায়গার প্রয়োজন হইলে পৃথক পৃষ্ঠা ব্যবহার করুন বা টেমপ্লেট বর্ধিত করুন।

(২) পরিসেবা সম্পর্কিত তথ্য:

পরিসেবা	উৎস/ যোগানদাতা	ব্যাক-আপ (হ্যাঁ/না)	প্রয়োজনীয়তা	সক্ষমতা	প্রাক্কলিত খরচ (টাকা/ইউএস ডলার)
বিদ্যুৎ সরবরাহ					
পানি সরবরাহ					
পয়ঃনিষ্কাশণ					
পানি শোধনাগার ও সরবরাহ ব্যবস্থা					
ব্যবহার্য পানি অপসারণ ব্যবস্থা					
পানির পুনঃব্যবহার					
ব্যবহার্য পানি শোধনাগার					
কঠিন বর্জ্য অপসারণ					
কঠিন বর্জ্য শোধনাগার					
টেলিকম সুবিধা ও অবকাঠামো					
অগ্নি নির্বাপন ব্যবস্থা					



অন্যান্য পরিসেবা					
------------------	--	--	--	--	--

অতিরিক্ত জায়গার প্রয়োজন হইলে পৃথক পৃষ্ঠা ব্যবহার বা টেমপ্লেট বর্ধিত করুন।

ঘ. প্রস্তাবিত সেবা ও সুবিধাদিঃ

সেবা ও সুবিধাদি	আয়তন (বর্গফুট/বর্গমিটার)	প্রাক্কলিত খরচ (টাকা/ইউএস ডলার)
শুল্ক ভবনাদি		
প্রশাসনিক ভবনাদি		
বানিজ্যিক ভবনাদি		
সুইমিং পুল, খেলার মাঠ, জিমনেসিয়াম,হেলথ ক্লাব ইত্যাদি		
আবাসিক ভবন		
পরিচালন/সেবা ভবন		
উন্মুক্ত এলাকা		
অন্যান্য		

৮। প্রস্তাবিত কর্মী/নিয়োগ সংক্রান্ত তথ্য:

বৎসর	প্রত্যক্ষ নিয়োগ	পরোক্ষ নিয়োগ
১		
২		
৩		
৪		
৫		

গড়		
-----	--	--

৯। সম্ভাব্য চাকুরির সুযোগ সৃষ্টি :

চাকুরির ধরণ	প্রথম বৎসর	পাঁচ বৎসর	দশ বৎসর
ব্যবস্থাপনা			
প্রশাসনিক			
কারিগরী			
দক্ষ			
অদক্ষ			
নারী			
মোট			

১০। প্রকল্প বাস্তবায়ন পরিকল্পনা:

১১। আনুষঙ্গিক কাগজপত্র ও তথ্যাদি: সহায়ক দলিলপত্র (উপরে প্রদত্ত তথ্যাদির সমর্থনে দলিলপত্রাদি দাখিল করিতে হইবে):

#### আবেদনকারীর প্রত্যয়নপত্র

আমি/আমরা, নিম্নস্বাক্ষরকারী,

(১) পার্ক প্রতিষ্ঠার চূড়ান্ত অনুমোদন প্রাপ্তির লক্ষ্যে এতদ্বারা প্রত্যয়ন করিতেছি যে—

- (ক) প্রস্তাবিত মাস্টার প্ল্যানটি সমন্বিত এবং ইহাতে ভূমি ব্যবহার পরিকল্পনা ও ভূমি বিন্যাস, অন-সাইট অবকাঠামোগত পরিকল্পনা এবং পর্যায়ক্রমিক পরিকল্পনা অন্তর্ভুক্ত করা হইয়াছে;
- (খ) সংশ্লিষ্ট ভূমি এলাকা প্রকৃত বা প্রস্তাবিত অফ-সাইট অবকাঠামোর সন্নিহিতে;
- (গ) সম্ভাব্যতা সমীক্ষায় প্রকল্পটির অর্থনৈতিক ও আর্থিকভাবে টিকিয়া থাকিবার সামর্থ্য এবং সামাজিক উপযোগিতা প্রদর্শিত হইয়াছে;
- (ঘ) বিরূপ প্রভাব প্রশমিত করিবার জন্য পর্যাপ্ত স্বাস্থ্য ও নিরাপত্তা পরিকল্পনা অন্তর্ভুক্ত করতঃ অনুমোদিত পরিবেশগত ব্যবস্থাপনা প্রকল্প বিষয়ে পরিবেশগত ও সামাজিক প্রভাব সমীক্ষা করা হইয়াছে;

- (ঙ) সম্ভাব্যতা সমীক্ষা অনুযায়ী যে প্রকল্পটি বাংলাদেশের জন্য লাভজনক হইবে তথা-  
বিনিয়োগ বৃদ্ধি পাইবে, কর্মক্ষেত্র সৃষ্টি হইবে, রপ্তানীর বহুমাত্রিকতা সৃষ্টি হইবে;
- (চ) প্রস্তাবিত পার্কের অন্তর্ভুক্ত ভূমি নিষ্কণ্টক মর্মে আবেদনকারীর হলফনামা দাখিল  
করা হইয়াছে।

(২) আরো প্রত্যয়ন করিতেছি যে,—

- (ক) আমি/আমরা, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নং  
আইন) এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ বিধিমালা, ২০১৫ সম্পূর্ণভাবে পাঠ  
করিয়াছি এবং এই আবেদনপত্র উক্ত বিধিমালার সহিত সংগতি রাখিয়া পূরণ করা  
হইয়াছে;
- (খ) আমাদের কোন কর্মকর্তা/পরিচালনা পর্ষদ কিংবা সমপর্যায়ের পর্ষদ এই আবেদনপত্র  
দাখিল করিতে ক্ষমতা ও অনুমতি প্রদান করিয়াছে;
- (গ) এই আবেদনপত্র এবং তৎসংযুক্ত কাগজপত্রে, যদি থাকে, প্রদত্ত তথ্য সত্য ও সঠিক এবং  
সকল উপাদান, সর্বতোভাবে, সঠিক ও বাস্তব;
- (ঘ) আবেদনপত্রে প্রদত্ত সকল হিসাব সরল বিশ্বাসে এবং সর্বোচ্চ যত্ন সহকারে প্রস্তুত করা  
হইয়াছে;
- (ঙ) আমাদের কোন কর্মকর্তা/কোম্পানীর কোন পরিচালক বা তদূর্ধ্ব পদমর্যাদার কোন ব্যক্তি  
বর্তমানে বা কখনও কোন দেশের নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষ কর্তৃক পেশাদারী অবহেলা বা  
অসৎ কর্মের জন্য দণ্ডিত হননি;
- (চ) আমি/আমরা, সময় সময়, দক্ষতা ও উপযোগিতার ভিত্তিতে বাংলাদেশের উন্নয়ন  
লক্ষ্যসহ কর্তৃপক্ষের উদ্দেশ্য বাস্তবায়নের জন্য পার্ক পরিচালনা করিতে সক্ষম;
- (ছ) এই আবেদনপত্রের অংশ হিসাবে দাখিলকৃত ব্যবসা পরিকল্পনা, গ্রাক সম্ভাব্যতা সমীক্ষা  
এবং মাষ্টার প্ল্যানের বর্ণনা অনুযায়ী, প্রস্তাবিত পার্ক প্রকল্প কারিগরীভাবে,  
অর্থনৈতিকভাবে ও সামাজিকভাবে কর্মক্ষম;
- (জ) আমি/আমরা, সরল বিশ্বাসে, প্রকল্পটি সর্বোচ্চ সামর্থ অনুযায়ী বিপণন ও কার্যকর  
করিবার প্রস্তাব করিতেছি;
- (ঝ) আমি/আমরা, প্রচলিত আইন অনুযায়ী এই আবেদনপত্রে উল্লিখিত প্রকল্পের রাজস্ব, খরচ,  
লাভ ও ক্ষতি নির্ণয়ের জন্য যথাযথ হিসাব পদ্ধতি ব্যবহার এবং ভবিষ্যতে কর্তৃপক্ষের  
চাহিদা ও অনুরোধ অনুযায়ী, আর্থিক পরিসংখ্যান ও হিসাব সংক্রান্ত তথ্যাদি উপস্থাপন  
করিব;
- (ঞ) আমি/আমরা, সময় সময়, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের  
৮ নং আইন) এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ বিধিমালা, ২০১৫ এবং কর্তৃপক্ষের  
চাহিদা অনুযায়ী পার্ক সম্পর্কিত কর্মকাণ্ডের প্রতিবেদন এবং অন্যান্য তথ্যাদি দাখিল করিব;
- (ট) আমি/আমরা, কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে এই আবেদনপত্রে উল্লিখিত পার্ক  
প্রকল্পের কাজ আরম্ভ ও পরিচালনা করিব;
- (ঠ) আমাদের শেয়ারহোল্ডার, মুখ্য কর্মকর্তাবৃন্দ বা বিদেশী ব্যক্তি বা ব্যবসার সহিত  
এবং/অথবা কর্তৃপক্ষে মধ্যে কোন প্রতারণামূলক সম্পর্ক নাই;

- (ড) আমি/আমরা, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নং আইন) এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ বিধিমালা, ২০১৫সহ পার্ক সম্পর্কিত কর্মকান্ড নিয়ন্ত্রণকারী সকল আইন, বিধি ও শর্ত মানিয়া চলিতে বাধ্য থাকিব।

তারিখ:.....

আবেদনকারীর স্বাক্ষর

আবেদনকারীর নাম :

শুধুমাত্র অফিসিয়াল ব্যবহারের জন্য  
দ্বিতীয় পর্যায়: চূড়ান্ত যোগ্যতার উপাদানসমূহ

আইটেম	দাখিলকৃত	মন্তব্য
অনুমোদন প্রক্রিয়ার ফি		
প্রাথমিক-যোগ্যতার আবেদনের সময়ে প্রদত্ত না হইলে ভূমি/ভবনের মালিকানার প্রমাণ		
সম্ভাব্যতা সমীক্ষা		
পরিবেশ অধিদপ্তরের চাহিদামত পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনাসহ পরিবেশগত প্রভাব সমীক্ষা		
পুনর্বাসন পরিকল্পনা (প্রয়োজন হলে)		
সকল পর্যায়ের উন্নয়ন কাজের নকশা প্রণয়ন, অবকাঠামো নির্মাণ, কার্যকরীকরণের সম্ভাব্য সময়সূচি		
প্রকল্পের জন্য আর্থিক উৎসের প্রত্যয়নকৃত লিখিত বিবৃতি		
অন্যান্য		

আবেদনপত্রের পর্যায়	আবেদনপত্র গ্রহণের তারিখ: দিন/মাস/বৎসর
পার্ক অনুমতিপত্র অনুমোদিত: - হ্যাঁ - না	অনুমোদনের তারিখ: --/--/---- দিন/মাস/বৎসর

গ্রহণকারী কর্মকর্তার স্বাক্ষর	অনুমোদনকারী কর্মকর্তার স্বাক্ষর
-------------------------------	---------------------------------

## তফসিল-৩

[বিধি ১৩(১) ও ১৪(২) দ্রষ্টব্য]

## আবেদনপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ

হাই-টেক শিল্প স্থাপনের অনুমতিপত্রের জন্য আবেদনপত্র

## ক. প্রকল্পের তথ্য:

১. পার্কের নাম ও ঠিকানা:
২. প্রস্তাবিত হাই-টেক শিল্পের নাম ও ধরণ: .....

## খ. আবেদনকারীর তথ্য:

১. আবেদনকারীর নাম: .....
- পদবী: .....
- প্রতিষ্ঠান/কোম্পানির নাম: .....
- ঠিকানা: .....
- শহর: ..... দেশ: .....
- টেলিফোন: ..... ফ্যাক্স: .....
- ই-মেইল: .....
- জাতীয়তা (ক্ষেত্রমত প্রযোজ্য):..... TIN:.....
- NID/Passport No.....

## গ. বৈধ আইনগত প্রতিনিধি:

১. প্রতিনিধির নাম: .....

- আইন প্রতিষ্ঠান/সহযোগী (প্রয়োজনবোধে): .....
- পদবী: .....
- জাতীয়তা:.....পাসপোর্ট নম্বর/জাতীয় পরিচয়পত্র নম্বর .....
- ঠিকানা: .....
- শহর: ..... দেশ: .....
- টেলিফোন: ..... ফ্যাক্স: .....
- ঘ. আবেদনকৃত হাই-টেক শিল্প প্রতিষ্ঠানের তথ্য:
১. প্রতিষ্ঠান/কোম্পানির নাম: .....
- ঠিকানা: .....
- শহর: ..... দেশ: .....
- টেলিফোন: ..... ফ্যাক্স: .....
- ইমেইল: ..... ওয়েবসাইট: .....
- কোম্পানির নিবন্ধন নম্বর:.....কোম্পানির নিবন্ধন তারিখ: .....
- নিবন্ধনের স্থান: .....
- পূর্ববর্তী অনুমতিপত্রধারী নম্বর:.....লাইসেন্সের তারিখ: .....
- অনুমতিপত্রধারী সংশোধন: ..... অন্যান্য: .....
২. প্রাথমিক ব্যবসার ধরণ: -----
৩. মালিকানা তথ্য:
- |             |                 |
|-------------|-----------------|
| নতুন সংস্থা | বিদ্যমান সংস্থা |
|-------------|-----------------|
৪. প্রতিষ্ঠানের প্রকৃতি:
- |                                      |                  |
|--------------------------------------|------------------|
| কর্পোরেশন                            | এল এল সি (LLC)   |
| স্থানীয় কোম্পানির শাখা/সাবসিডিয়ারী | বিদেশী কোম্পানির |
| শাখা/সাবসিডিয়ারী                    |                  |
- অন্যান্য (উল্লেখ করুন):.....
৫. প্রধান প্রতিষ্ঠান/কোম্পানি: প্রযোজ্য ক্ষেত্রে
- ঠিকানা: .....
- শহর: ..... দেশ: .....
- টেলিফোন: ..... ফ্যাক্স: .....
- ইমেইল: ..... ওয়েবসাইট: .....
- প্রধান প্রতিষ্ঠান/কোম্পানির মোট নীট সম্পদ (২০---)ঃ ইউএস ডলার .....

## ৬. আবেদনকারীর কর্পোরেট কাঠামো/প্রধান কর্মকর্তাবৃন্দ:

কর্পোরেটরগণের নাম	অবস্থান	জাতীয়তা

অতিরিক্ত জায়গার প্রয়োজন হইলে পৃথক পৃষ্ঠা ব্যবহার বা টেম্পপ্লেট বর্ধিত করুন।

## ৭. প্রতিষ্ঠান/কোম্পানির মূলধন কাঠামো:

স্বর্ণ -----%

ইকুইটি-----%

## ৮. সংযুক্ত প্রতিষ্ঠান/কোম্পানি:

আবেদনকারীর সহিত যৌথ উদ্যোগে বিনিয়োগ/প্রকল্প রহিয়াছে এমন প্রতিষ্ঠান/কোম্পানীর তালিকা:

প্রতিষ্ঠান/কোম্পানির নাম	মূলধন বিনিয়োগ( ইউএস ডলার)

অতিরিক্ত জায়গার প্রয়োজন হইলে পৃথক পৃষ্ঠা ব্যবহার বা টেম্পপ্লেট বর্ধিত করুন।

## ৯. হাই-টেক শিল্পের জন্য প্রয়োজনীয় ভূমি/স্পেস এর বর্ণনা:

## ১. পার্কের নাম ও ঠিকানা:

## ২. প্রয়োজনীয় ভূমি/স্পেস এর আয়তন:

ভূমি/স্পেস এর পরিমাণ: .....বর্গফুট .....বর্গমিটার

## ১০. প্রকল্প সংক্ষেপ:

## ১. উন্নয়নের অবস্থা:

নতুন উন্নয়ন:

প্রকল্প শুরুর সম্ভাব্য তারিখ:

## ২. প্রকল্পে অর্থ সংস্থানের উৎস:

ক্রমিক নং	অর্থসংস্থানের উৎস	প্রকল্পে বিনিয়োগের শতকরা হার


অতিরিক্ত জায়গার প্রয়োজন হইলে পৃথক পৃষ্ঠা ব্যবহার বা টেম্পপ্লেট বর্ধিত করুন।

৩. প্রকল্পের সম্ভাব্য ব্যয়:

পর্যায় ক্রমিক উন্নয়ন	আয়তন (বর্গফুট/বর্গমিটার)	প্রাক্কলিত প্রকল্প খরচ (টাকা/ইউএস ডলার)
মোট প্রকল্প ব্যয়		
ভূমি/স্পেস উন্নয়ন		
ভূমি/স্পেস প্রস্তুতকরণ		
পর্যায়-১		
ভূমি/স্পেস/অবকাঠামো/পরিসেবা		
ভবন এবং সুবিধাদি		
অন্যান্য		
পর্যায়-২		
ভূমি/স্পেস/অবকাঠামো/পরিসেবা		
ভবন এবং সুবিধাদি		
অন্যান্য		
পর্যায়-৩		
ভূমি/স্পেস/অবকাঠামো/পরিসেবা		
ভবন এবং সুবিধাদি		
অন্যান্য		

অতিরিক্ত জায়গার প্রয়োজন হইলে পৃথক পৃষ্ঠা ব্যবহার করুন বা টেম্পপ্লেট বর্ধিত করুন।

৪. বিদ্যমান সেবার, প্রয়োজনে, উন্নয়ন:

যে সকল সেবার উন্নয়ন করিতে হইবে	আয়তন	প্রাক্কলিত খরচ
---------------------------------	-------	----------------



	(বর্গফুট/বর্গমিটার)	(টাকা/ইউএস ডলার)

অতিরিক্ত জায়গার প্রয়োজন হইলে পৃথক পৃষ্ঠা ব্যবহার বা টেম্পপ্লেট বর্ধিত করণ।

ছ. প্রকল্প উদ্ভূত সুবিধা:

- প্রস্তাবিত চাকরির সম্ভাবনা (সৃজিতব্য চাকরির সংখ্যা): .....  
সৃজিতব্য চাকরির সময়সীমা:.....
- প্রস্তাবিত হাই-টেক শিল্পের প্রকৃতি:.....
- প্রস্তাবিত কর্মী নিয়োগ সংক্রান্ত তথ্য:

বৎসর	প্রত্যক্ষ নিয়োগ	পরোক্ষ নিয়োগ (আউট সোর্সিং)
১		
২		
৩		
৪		
৫		
গড়		

অতিরিক্ত জায়গার প্রয়োজন হইলে পৃথক পৃষ্ঠা ব্যবহার বা টেম্পপ্লেট বর্ধিত করণ।

৪. প্রস্তাবিত চাকরির সুযোগ সৃষ্টি:

চাকরীর ধরন	প্রথম বৎসর	পাঁচ বৎসর	দশ বৎসর
ব্যবস্থাপনা			
প্রশাসনিক			
কারিগরী			
দক্ষ			
অদক্ষ			
নারী			
মোট			

৫. বাণিজ্যিক চুক্তিসমূহ:

হাই-টেক শিল্প প্রসারের জন্য সম্ভাব্য বাণিজ্য চুক্তিসমূহের তালিকা:

বাণিজ্য চুক্তি	বিনিয়োগে উৎসাহী দেশের নাম

অতিরিক্ত জায়গার প্রয়োজন হইলে পৃথক পৃষ্ঠা ব্যবহার বা টেম্পপ্লেট বর্ধিত করুন।

৬. হাই-টেক শিল্পের ৫ (পাঁচ) বৎসরের ভবিষ্যৎ পরিকল্পনা

৭. আনুষঙ্গিক কাগজপত্র ও তথ্যাদি:সহায়ক দলিলপত্র (উপরে প্রদত্ত তথ্যাদির সমর্থনে দলিলপত্রাদি,প্রযোজ্য ক্ষেত্রে, দাখিল করিতে হইবে):

#### আবেদনকারীর প্রত্যয়ন

আমি/আমরা, নিম্নস্বাক্ষরকারী, এতদ্বারা প্রত্যয়ন করিতেছি যে—

- (ক) আমি/আমরা, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নং আইন) এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ বিধিমালা, ২০১৫ সম্পূর্ণভাবে পাঠ করিয়াছি এবং এই আবেদনপত্র উক্ত বিধিমালার সহিত সংগতি রাখিয়া পূরণ করা হইয়াছে;
- (খ) আমাদের পরিচালনা পর্ষদ কিংবা সমপর্যায়ের পর্ষদ এই আবেদনপত্র দাখিল করিতে ক্ষমতা ও অনুমতি প্রদান করিয়াছে;
- (গ) এই আবেদনপত্র এবং তৎসংযুক্ত কাগজপত্রে, যদি থাকে, প্রদত্ত তথ্য সত্য ও সঠিক এবং সকল উপাদান, সর্বোত্তমভাবে সঠিক ও বাস্তব;
- (ঘ) আবেদনপত্রে প্রদত্ত সকল হিসাব সরল বিশ্বাসে এবং সর্বোচ্চ যত্ন সহকারে প্রস্তুত করা হইয়াছে;
- (ঙ) আমাদের কোন কর্মকর্তা/কোম্পানীর কোন পরিচালক বা তদূর্ধ্ব পদমর্যাদার কোন ব্যক্তি বর্তমানে বা কখনও কোন দেশের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক পেশাদারী অবহেলা বা অসৎ কর্মের জন্য দণ্ডিত হন নাই;
- (চ) আমি/আমরা, সরল বিশ্বাসে, প্রকল্পটি সর্বোচ্চ সামর্থ অনুযায়ী বিপণন ও কার্যকর করিবার প্রস্তাব করিতেছি;
- (ছ) আমি/আমরা, প্রচলিত আইন অনুযায়ী এই আবেদনপত্রে উল্লিখিত প্রকল্পের রাজস্ব, খরচ, লাভ ও ক্ষতি নির্ণয়ের জন্য যথাযথ হিসাব পদ্ধতি ব্যবহার এবং ভবিষ্যতে কর্তৃপক্ষের চাহিদা ও অনুরোধ অনুযায়ী, আর্থিক পরিসংখ্যান ও হিসাব সংক্রান্ত তথ্যাদি উপস্থাপন করিব;
- (জ) আমি/আমরা, সময় সময়, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নং আইন) এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ বিধিমালা, ২০১৫ এবং কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী হাই-টেক শিল্প সম্পর্কিত কর্মকাণ্ডের প্রতিবেদন এবং অন্যান্য তথ্যাদি দাখিল করিব;

- (ঝ) আমি/আমরা, কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে এই আবেদনপত্রে উল্লিখিত হাই-টেক শিল্প স্থাপনের কাজ আরম্ভ ও পরিচালনা করিব;
- (ঞ) আমাদের শেয়ারহোল্ডার, মুখ্য কর্মকর্তাবৃন্দ বা বিদেশী ব্যক্তি বা ব্যবসার সহিত এবং/অথবা কর্তৃপক্ষে মধ্যে কোন প্রতারণামূলক সম্পর্ক নাই;
- (ট) আমি/আমরা, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নং আইন) এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ বিধিমালা, ২০১৫ সহ পার্ক সম্পর্কিত কর্মকান্ড নিয়ন্ত্রণকারী সকল আইন, বিধি ও শর্ত মানিয়া চলিতে বাধ্য থাকিব।

তারিখ:.....

আবেদনকারীর স্বাক্ষর  
আবেদনকারীর নামঃ

## শুধুমাত্র অফিসিয়াল ব্যবহারের জন্য

আইটেম	দাখিলকৃত	মন্তব্য
অনুমতিপত্রের আবেদন ফি		
বৈধ ব্যবসা নিবন্ধন সনদ		
নোটারীকৃত বোর্ড সিদ্ধান্ত		
কোম্পানির তথ্য সম্বলিত নোটারীকৃত বিবরণী		
কোম্পানির ৩ (তিন) বৎসরের সংক্ষিপ্তসার এবং নিরীক্ষিত আর্থিক বিবরণী		
অবকাঠামো/তথ্য প্রযুক্তি প্রকল্প বাস্তবায়নে অতীত অভিজ্ঞতা		
ব্যবসা পরিকল্পনা		
অন্যান্য		

আবেদনপত্র নং	আবেদনপত্র গ্রহণের তারিখ: --/--/---- দিন/মাস/বৎসর
প্রাক-যোগ্যতা অনুমোদিত: - হ্যাঁ - না	অনুমোদনের তারিখ: --/--/---- দিন/মাস/বৎসর
প্রাক-যোগ্যতাপত্র ইস্যু: - হ্যাঁ - না	ইস্যুর তারিখ: --/--/---- দিন/মাস/বৎসর
গ্রহণকারী কর্মকর্তার স্বাক্ষর	অনুমোদনকারী কর্মকর্তার স্বাক্ষর

আবেদনপত্রের পর্যায়	আবেদনপত্র গ্রহণের তারিখ: --/--/---- দিন/মাস/বৎসর
হাই-টেক শিল্প স্থাপনের অনুমতিপত্র অনুমোদিত: - হ্যাঁ - না	অনুমোদনের তারিখ: --/--/---- দিন/মাস/বৎসর
গ্রহণকারী কর্মকর্তার স্বাক্ষর	অনুমোদনকারী কর্মকর্তার স্বাক্ষর

**তফসিল-৪**  
**[বিধি ৫(১) দ্রষ্টব্য]**  
**পার্ক অনুমতি পত্র**

পার্ক অনুমতিপত্রধারীর নাম:....., ঠিকানা:.....,  
 পার্ক অনুমতিপত্রের ইস্যুর তারিখ:..... পার্কের অন্তর্ভুক্ত ভূমি এলাকার ভৌগোলিক  
 অবস্থান.....মৌজা..... খতিয়ান নং .....  
 দাগ নং.....জমির পরিমাণ..... চৌহদ্দি: উত্তর.....  
 দক্ষিণ.....পূর্ব.....পশ্চিম.....সম্পত্তির নিবন্ধন.....  
 এর অনুকূলে দফা (ক) হইতে (ঘ) এ বর্ণিত শর্তাবলী সাপেক্ষে .....মেয়াদের জন্য পার্ক  
 অনুমতিপত্র ইস্যু করা হইলো,যথা:—

- (ক) পার্ক অনুমতিপত্র নবায়নের শর্তাবলী:  
 .....  
 .....
- (খ) উক্ত পার্কের প্রতিষ্ঠা, উন্নয়ন, পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও প্রসার সংক্রান্ত নিয়ম  
 ও শর্তাবলী:  
 (১) .....  
 (২) .....  
 (৩) .....  
 .....
- (গ) কোন তৃতীয় পক্ষ প্রতিষ্ঠানের নিকট অর্পণ করা সংক্রান্ত শর্তাবলী:  
 (১) .....  
 (২) .....  
 (৩) .....  
 .....
- (ঘ) পার্ক অনুমতিপত্রধারী কর্তৃক উক্ত পার্কের উন্নয়ন, পরিচালনা, রক্ষণাবেক্ষণ এবং  
 প্রসারের অধিকার ও দায়দায়িত্ব:  
 (১) .....  
 (২) .....

অনুমোদনকারী কর্মকর্তার স্বাক্ষর ও সিল

রাষ্ট্রপতির আদেশক্রমে,

শ্যাম সুন্দর সিকদার

সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd